আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
বলুন, আল্লাহ ও রসূলের আনুগত্য প্রকাশ কর। বস্তুতঃ যদি তারা বিমুখতা অবলম্বন করে, তাহলে আল্লাহ কাফেরদিগকে ভালবাসেন না।
সূরা আল ইমরান- ৩২

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ বৃহস্পতিবার ॥ ০৯ এপ্রিল ২০২৬ ॥ ২০ শাওয়াল ১৪৪৭ ॥ ২৬ চৈত্র ১৪৩২ ॥ ৯ম বর্ষ ॥ ৩১৮ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

দেশের সব উপজেলা সদরে একটি করে মহিলা কলেজ সরকারিকরণের বিবেচনা রয়েছে

কীর্তনখোলা ডেস্ক
সরকার দেশের সব উপজেলা সদরে একটি করে মহিলা কলেজ সরকারিকরণের বিষয়টি ইতিবাচকভাবে বিবেচনা ২ এর পাতায় দেখুন

বিসিবিতে বাপের দোয়া-মায়ের দোয়া কমিটি করা হয়নি: স্বরাষ্ট্রমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক
স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, দেশের কৃতি ক্রিকেটার তামিম ইকবালকে দিয়ে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) ২ এর পাতায় দেখুন

কিছু নির্বাচিত বিদ্যালয়ে অনলাইন-অফলাইন ক্লাস চালু হতে পারে

কীর্তনখোলা ডেস্ক
বৈশ্বিক জ্বালানি সংকট, তীব্র যানজট ও ভবিষ্যৎ প্রযুক্তিনির্ভর শিক্ষাব্যবস্থার বাস্তবতা বিবেচনায় দেশের কিছু নির্বাচিত ২ এর পাতায় দেখুন

বিসিবি এখন বাপের দোয়া ক্রিকেট বোর্ড সংসদে হাসনাত

কীর্তনখোলা ডেস্ক
কুমিল্লা-৪ আসনের সংসদ সদস্য ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আবদুল্লাহ ২ এর পাতায় দেখুন

ভোলা-বরিশালে হচ্ছে ১১ কিমি সেতু

কীর্তনখোলা ডেস্ক
ভোলা-বরিশালের মধ্যে সড়কপথে যোগাযোগের লক্ষ্যে প্রায় ১১ কিলোমিটার দীর্ঘ সেতু নির্মাণ করা হবে। এটি তেঁতুলিয়া নদীর ওপর নির্মাণের পরিকল্পনা রয়েছে। যার ব্যয় ধরা হয়েছে ১৭ হাজার ৪৬৬ কোটি টাকাও বেশি। মঙ্গলবার (৭ এপ্রিল) সংসদ অধিবেশনে এ তথ্য জানান সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম। অধিবেশনে সংসদ সদস্য আন্দালিব রহমান পার্থ এক জন-গুরুত্বসম্পন্ন মনোযোগ আকর্ষণ নোটিশে সেতুটির গুরুত্বের কথা তুলে ধরেন। এর পরিপ্রেক্ষিতে মন্ত্রী তথ্যগুলো জানান। শেখ রবিউল আলম বলেন, প্রকল্পটি এখনো অনুমোদনহীন উচ্চ অগ্রাধিকার তালিকায় রয়েছে। এটি বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (এডিপি) অন্তর্ভুক্ত থাকলেও চূড়ান্ত অনুমোদনের অপেক্ষায় আছে। খুব শিগগিরই নির্মাণ শুরুর তারিখ ঘোষণা করা হবে বলে আশা করা হচ্ছে। মন্ত্রী জানান, ২০২২ থেকে ২০২৪ সালের মধ্যে প্রকল্পটির সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন হয়েছে। বর্তমানে এটি অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির (সিসিইএ) অনুমোদনের অপেক্ষায় রয়েছে, যা বড় অর্থনৈতিক নীতি, ক্রয় প্রস্তাব ও প্রকল্প অনুমোদনের দায়িত্বে নিয়োজিত একটি উচ্চ পর্যায়ের কমিটি। বাস্তবায়ন প্রসঙ্গে শেখ রবিউল আলম বলেন, ভোলা-বরিশাল সেতু প্রকল্পটি প্রধানমন্ত্রী তারেক রহমানের অগ্রাধিকার প্রকল্পগুলোর একটি। তিনি গত ৪ ফেব্রুয়ারি বরিশালে নির্বাচনি প্রচারণায় এ প্রকল্প বাস্তবায়নের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন। 'সরকার যদি সেতুর নির্মাণকাজ শুরু করতে পারে, তাহলে নির্ধারিত সময়সূচি অনুযায়ী ২০৩৩ সালের মধ্যে তা সম্পন্ন করা সম্ভব হবে,' যোগ করেন মন্ত্রী। ২ এর পাতায় দেখুন

'হাদি হত্যার দুই আসামিকে ফেরত পাঠাতে সম্মত ভারত'

কীর্তনখোলা ডেস্ক
ইনকিলাব মঞ্চের সাবেক মুখপাত্র শহীদ শরীফ ওসমান হাদি হত্যা মামলার দুই আসামিকে বাংলাদেশে ফেরত পাঠাতে সম্মত হয়েছে ভারত। বুধবার (৮ এপ্রিল) পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়েছে। এর আগে, পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান নয়াদিল্লিতে ভারতের পররাষ্ট্রমন্ত্রী ড. এস. জয়শঙ্কর এবং তেল ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী শ্রী হরদীপ পুরীর সঙ্গে বৈঠক করেন। বৈঠকগুলোতে প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির এবং ভারতে ২ এর পাতায় দেখুন

নগরীর ৫ নং ওয়ার্ড এর মোহাম্মদপুর এলাকায় ১টি প্রধান সড়ক, ৪ টি শাখা সড়ক উদ্বোধন করেন বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন -কীর্তনখোলা

শিশু ধর্ষণ মামলায় বরগুনা, চরফ্যাশন ও পটুয়াখালীর চার জনের যাবজ্জীবন

কীর্তনখোলা ডেস্ক
নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জ থানার ১২ বছরের এক শিশুকে ধর্ষণ মামলায় চারনকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। একই সঙ্গে প্রত্যেককে ১০ হাজার টাকা অর্থদণ্ড অনাদায়ে আরও ছয় মাসের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। বুধবার (৮ এপ্রিল) দুপুরে নারায়ণগঞ্জের বিচারক মো. মমিনুল ইসলাম এ রায় দেন। কোর্ট পুলিশ পরিদর্শক মো. আব্দুস সামাদ বিষয়টি নিশ্চিত করেছেন। দণ্ডপ্রাপ্তরা হলেন-বরগুনার সোনাখালী এলাকার মৃত আবুল কালাম ২ এর পাতায় দেখুন

বাতির নিচেই অন্ধকার; বিদ্যুৎকেন্দ্রের আশপাশে ভয়াবহ লোডশেডিং

কীর্তনখোলা রিপোর্ট
দেশের দক্ষিণ উপকূলীয় বিভাগ বরিশাল। এই বিভাগের পটুয়াখালী জেলার কলাপাড়ায় আছে দেশের অন্যতম বৃহৎ দুটি বিদ্যুৎকেন্দ্র। ধুপাড়া, ধানখালী, চর নিশানবাড়িয়া ও নিশানবাড়িয়া-এই চার গ্রামকে ঘিরে পায়রা তাপবিদ্যুৎকেন্দ্র এবং পটুয়াখালী তাপবিদ্যুৎকেন্দ্র গড়ে ওঠে। স্থানীয়দের মধ্যে আশার সঞ্চার হয়। দীর্ঘদিনের বিদ্যুতের সমস্যা সমাধানের পথ খুঁজে পান তারা। অথচ এই চার গ্রামের মানুষই এখন ভয়াবহ লোডশেডিংয়ের শিকার। এ যেন বাতির নিচে অন্ধকার হওয়ার মতো ২ এর পাতায় দেখুন

সন্ত্রাসবিরোধী সংশোধনী বিল পাস, নিষিদ্ধই থাকছে আওয়ামী লীগের কার্যক্রম

কীর্তনখোলা ডেস্ক
বাংলাদেশের রাজনৈতিক অঙ্গনে নতুন মোড় এনে দিয়েছে সাম্প্রতিক আইনগত পদক্ষেপ। সন্ত্রাসবিরোধী (সংশোধন) বিল-২০২৬ জাতীয় সংসদে পাস হয়েছে। ফলে ক্ষমতাচ্যুত দল আওয়ামী লীগের কার্যক্রমের ওপর আরোপিত নিষেধাজ্ঞা বহালই থাকছে। বুধবার (৮ এপ্রিল) দুপুর সোয়া ১২টার দিকে জাতীয় সংসদে কণ্ঠভোটে বিলটি পাস হয়। এর ফলে আগে জারি করা নিষেধাজ্ঞা এখন আইনগত ভিত্তি লাভ করেছে। এর আগে ২০২৫ সালের ১২ মে স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রজ্ঞাপন জারি করে আওয়ামী লীগ এবং এর অঙ্গ, সহযোগী ও ভ্রাতৃপ্রতিম সব সংগঠনের কার্যক্রম নিষিদ্ধ ঘোষণা করেছিল। অন্তর্বর্তী সরকারের সময়ে ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ করে যে অধ্যাদেশ জারি করা হয়েছিল সেটি সংশোধিত আকারে সংসদে পাশের জন্য সুপারিশ করে বর্তমান ত্রয়োদশ জাতীয় ২ এর পাতায় দেখুন

চরবাড়িয়া ইউনিয়নের কাগাশুরা মাধ্যমিক বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মজিবর রহমান সরোয়ার এমপি -কীর্তনখোলা

অভাবের তাড়নায় ইউনিয়ন পরিষদে ৩ সন্তান রেখে উধাও মা!

জিয়ানগর প্রতিনিধি
পিরোজপুরের জিয়ানগর উপজেলার চন্ডিপুর ইউনিয়ন পরিষদে তিন শিশু সন্তান রেখে উধাও হয়েছেন মুক্তা বেগম (২৭)। বুধবার (৮ এপ্রিল) সকাল ১০টার দিকে এ ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা গেছে, মুক্তা বেগমের স্বামী আমান উল্লাহ প্রায় এক বছর আগে দ্বিতীয় বিয়ে করে অন্যত্র বসবাস শুরু করেন। এরপর থেকে তিনি স্ত্রী ও সন্তানদের কোনো খোঁজখবর নেননি। ফলে চরম অভাব-অনটনের মধ্যে তিন সন্তানকে নিয়ে মানবেতর জীবনযাপন করছিলেন মুক্তা। বুধবার সকালে তিন সন্তান আরজিনি (৬), আছিয়া (৩) ও সাত মাস বয়সী খাদিজাকে নিয়ে ইউনিয়ন পরিষদে আসেন তিনি। চেয়ারম্যান তার জন্য নাস্তার ব্যবস্থা করেন। পরে পরিষদের দোতলার বারান্দায় শিশু তিনটিকে রেখে তিনি নিখোঁজ হয়ে যান। পরে শিশুদের কান্নাকাটি দেখে পরিষদের লোকজন খোঁজাখুঁজি শুরু করলেও বিকেল পর্যন্ত তার কোনো সন্ধান পাওয়া যায়নি। জানা গেছে, মুক্তা বেগমের আয়ের একমাত্র উৎস ছিল একটি ২ এর পাতায় দেখুন

ঝালকাঠিতে হাম-রুবেলায় ১৩ শিশু হাসপাতালে

ঝালকাঠি প্রতিনিধি
ঝালকাঠিতে হাম-রুবেলায় আক্রান্ত হয়ে ১৩ জন শিশু বিভিন্ন হাসপাতালে ভর্তি রয়েছে। বুধবার বিকালে ঝালকাঠির সিভিল সার্জন ডা. হুমায়ুন কবির জানান, আক্রান্তদের মধ্যে সদর উপজেলায় ২ জন, রাজাপুরে ৬ জন এবং কাঠালিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ৫ জন চিকিৎসাধীন। তিনি বলেন, "আক্রান্ত শিশুদের সর্বোচ্চ গুরুত্ব দিয়ে চিকিৎসা সেবা দেওয়া হচ্ছে এবং পরিস্থিতি পর্যবেক্ষণে স্বাস্থ্য বিভাগ সর্বোচ্চ সতর্ক রয়েছে।" এদিকে ২ এর পাতায় দেখুন

হিজলায় জেলেদের চাল স্বেচ্ছাসেবক দল নেতার পেটে

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের হিজলা উপজেলার গুয়াবাড়িয়া ইউনিয়ন পরিষদে গত দুইদিন যাবৎ জাটকা সংরক্ষণ অভিযান উপলক্ষে সরকারি নির্দেশনা অনুযায়ী জেলে কার্ডের চাল বিতরণ চলছে। দরিদ্র জেলে জনগোষ্ঠীর চালের লোভ সামলাতে পারেননি হিজলা উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব দুলাল সরদার ও ইউপি সদস্য খোকন মুন্সি। জানা যায় গত সোমবার সকাল থেকে গুয়াবাড়িয়া ইউনিয়ন পরিষদ জেলেদের ৮০ কেজি চাল বিতরণ করেন। এ চাল নিয়ে ৪ নং ওয়ার্ডের জেলেরা গোডাউনে নিয়ে ২৫ কেজি রেখে ৫৫ কেজি চাল জেলেদের ফেরত দেয়। মঙ্গলবার সকাল এগারোটায় উপজেলা যাওয়ার পথে জেলেরা ঐ ইউনিয়নের চেয়ারম্যান উপাধ্যক্ষ সাজাহান তালুকদারের বাড়ি সংলগ্ন নিজাম বাগা বাড়িতে উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব দুলাল সরদারের গোডাউনে সামনে বাঁধার মুখে পড়েন । উল্লেখ্য দুলাল সরদার গুয়াবাড়িয়া ইউনিয়ন ৪ নং ওয়ার্ড ন্যায্য মূল্য (রেশন কার্ডের) চালের ডিলার। তখন জেলেদের চাল জোর পূর্বক ছিনিয়ে তার ২ এর পাতায় দেখুন

বরিশালে লিটু হত্যা মামলার আসামি মিল্টন এবার জড়ালো অপহরণে অপহৃত ছাত্র উদ্ধার

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল মহানগর স্বেচ্ছাসেবক দলের সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক মো. লিটন শিকদার ওরফে লিটু (৩২) কে প্রকাশ্যে নৃশংসভাবে কুপিয়ে হত্যার ঘটনায় দায়েরকৃত মামলার গুরুত্বপূর্ণ অন্যতম ৫নং আসামি, বরিশাল মহানগর শাখার বহিষ্কৃত যুগ্ম-আহ্বায়ক মো: রিয়াজ খান মিল্টন জামিনে বের হয়ে এবার অপহরণ করেছে বিএম কলেজের ইতিহাস বিভাগের ছাত্র রেদোয়ান ইসলাম সুনান কে (২০)। মিল্টনের বিরুদ্ধে অপহরণের অভিযোগ এনে বরিশাল কাউনিয়া থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছেন বলে জানান, ছাত্র সুনানের পিতা তারিক সুলায়মান। চলতি মাসের ৬ এপ্রিল ছাত্র সুনান অপহরণ হবার পর ওই দিনই অভিযোগ দায়ের করা হয়। জানতে চাইলে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বলেন, বিষয়টি সম্পর্কে অবগত রয়েছেন বরিশাল ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক
অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির
বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য
বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক
সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা
পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836
গদ্য প্রকাশন, বরিশাল
বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা, সদর রোড, বরিশাল, 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি, প্যারারোড, সদর রোড, বরিশাল, 01711-264963	অংকুর লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01708-868515	অংকুর লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01708-868514
খন্দকার লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01763-107720	রহমান বুক হাউজ, প্যারারোড, সদর রোড, বরিশাল, 01718-670945	মজুমদার লাইব্রেরি, অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল, 01716-139268
অমৃত লাইব্রেরি, অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল, 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি, বি.এম কলেজের সামনে, 01726-074663	হক লাইব্রেরি, বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে, 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি, বি.এম কলেজ মসজিদ গেট, 01717-488083

সেবাতেই প্রকৃত সুখ
দি নিউ লাইফ THE NEW LIFE
মাদকাসক্তি ও মানসিক রোগ চিকিৎসা, সহায়তা, নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র
Treatment & Rehabilitation for Drug addiction and Mental Diseases
তারিখঃ ৩০/০৩/২০২৬ ইং
নিয়োগ বিজ্ঞপ্তি
এনজিও ভিত্তিক কার্যক্রম, মাদকবিরোধী কর্মকান্ড ও তথ্য প্রযুক্তিভিত্তিক কাজে জরুরী ভিত্তিতে নিম্নোক্ত পদে কিছু সংখ্যক কর্মকর্তা/কর্মচারী পার্ট টাইম ও ফুল টাইম নিয়োগ প্রদান করা হবে। আগ্রহী ব্যক্তিদের আগামী ১০ই এপ্রিলের মধ্যে জীবন বৃত্তান্ত সহ সরাসরি নিম্নোক্ত ঠিকানায় যোগাযোগ করার জন্য আহ্বান করা হলো।
যোগাযোগের ঠিকানাঃ দি নিউ লাইফ, মাদকাসক্তি ও মানসিক রোগ চিকিৎসা কেন্দ্র, ০১ নং সিএন্ডবি পুল, কাজিপাড়া, বরিশাল।

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	কর্মঘন্টা	বেতন
১.	ম্যানেজার	০২	মাস্টার্স	ফুল টাইম	২০,০০০/-
২.	সহকারী ম্যানেজার	০৪	অনার্স	ফুল টাইম	১২,০০০-১৫,০০০/-
৩.	নার্স	০৩	ডিপ্লোমা নার্সিং	পার্ট টাইম/ফুল টাইম	আলোচনা সাপেক্ষে
৪.	প্রোগ্রাম অফিসার	০৬	অনার্স	ফুল টাইম	১০,০০০/-
৫.	মার্কেটিং সহকারী	০৮	নূন্যতম উচ্চমাধ্যমিক	পার্ট টাইম/ফুল টাইম	আলোচনা সাপেক্ষে
৬.	ধর্মীয় শিক্ষক	০২	কামিল পাশ	পার্ট টাইম/ফুল টাইম	আলোচনা সাপেক্ষে
৭.	ধর্মীয় শিক্ষক	০২	কোরআন হাফেজ	পার্ট টাইম/ফুল টাইম	আলোচনা সাপেক্ষে
৮.	আইটি অফিসার	০২	গ্রাফিক্স প্রোগ্রামসহ কম্পিউটার ব্যবহারে দক্ষ	পার্ট টাইম/ফুল টাইম	আলোচনা সাপেক্ষে
৯.	অফিস সহকারী	০৩	উচ্চ মাধ্যমিক	পার্ট টাইম/ফুল টাইম	আলোচনা সাপেক্ষে
১০.	বাবুর্চি (নারী)	০৩	অষ্টম শ্রেনী	ফুল টাইম	আলোচনা সাপেক্ষে
১১.	ক্লিনার	০২	অষ্টম শ্রেনী	পার্ট টাইম/ফুল টাইম	আলোচনা সাপেক্ষে

অতিরিক্ত যোগ্যতাঃ
১। আগ্রহী ব্যক্তিদের অবশ্যই রোগীদের সেবা করার মানসিকতা থাকতে হবে।
২। আবেদনকারীকে অবশ্যই অধুমপায়ী হতে হবে।
৩। দক্ষিনাঞ্চলের যেকোন জেলায় কাজ করার মানসিকতা থাকতে হবে।
দি নিউ লাইফ মাদকাসক্ত ও মানসিক রোগীদের চিকিৎসা সহায়তা, নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র
রিজিয়া ম্যানশন, ১নং সিএন্ডবি পুল, খালপাড় কাজীপাড়া সংলগ্ন, বরিশাল।
মোবাইলঃ ০১৭১৩-৯৫০৯৪১, ০১৭১৩-১৬৯৮২৮
E-mail: newlifebsl@yahoo.com, web: www.newlifebsl.com
the new life life rehav center-barishal

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।
-মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

বিনিয়োগবান্ধব পরিবেশ আসুক

অন্তর্বর্তী সরকারের দেড় বছরে দেশে বিনিয়োগে স্থবিরতা নেমেছে, বহু কারখানা বন্ধ হয়ে গেছে, বেকারত্ব আকাশচুম্বী হয়েছে, মূল্যস্ফীতি ক্রমাগতভাবে বৃদ্ধি পাচ্ছে, সরকারি কর্মকর্তাদের পে স্কেল বাস্তবায়নের চাপ রয়েছেএমন পরিস্থিতিতে নতুন সরকারের সামনে এসেছে প্রথম বাজেটের বিপুল চ্যালেঞ্জ। একে আরো কঠিন করে তুলেছে মধ্যপ্রাচ্য যুদ্ধের কারণে সৃষ্ট জ্বালানিসংকট। অর্থাৎ সরকারকে একদিকে অর্থনীতি স্থিতিশীল করতে বহুমুখী উদ্যোগ নিতে হবে; অন্যদিকে নির্বাচনী ইশতেহারে বা জনগণকে দেওয়া প্রতিশ্রুতি বাস্তবায়ন করতে হবে। বন্ধ হয়ে যাওয়া কলকারখানা যাতে চালু হয়, সেই ব্যবস্থা করতে হবে; বিনিয়োগ ত্বরান্বিত করে বিপুল বেকারত্বের অবসান করতে হবে। অর্থনীতি বিশ্লেষকরা মনে করছেন, এসব মোকাবেলা করে কার্যকর বাজেট প্রণয়ন ও বাস্তবায়ন অত্যন্ত দুরূহ কাজ হবে। অর্থনীতি বিশ্লেষক ও ফিন্যানশিয়াল এক্সিলেন্স লিমিটেডের চেয়ারম্যান মামুন রশীদ বলেন, একদিকে সরকারের রাজস্ব আদায় তথা সব আয় কমছে; অন্যদিকে নতুন সরকারের প্রতিশ্রুতি ও পরিকল্পনা বাস্তবায়নে আগের চেয়ে অনেক বেশি অর্থের প্রয়োজন হবে। উপরন্তু সরকারি কর্মচারীদের বেতন বৃদ্ধির চাপ ক্রমেই জোরদার হচ্ছে। মধ্যপ্রাচ্য সংকটে বাড়ছে জ্বালানির দাম। পণ্য জাহাজীকরণের মূল্যবৃদ্ধির কারণে বাড়তে পারে নিত্যপ্রয়োজনীয় পণ্য ও শিল্পের কাঁচামালের দাম। কাজেই আসন্ন বাজেট সরকারের জন্য অনেক বেশি চ্যালেঞ্জিং। প্রকাশিত প্রতিবেদন অনুযায়ী, আগামী ২০২৬-২৭ অর্থবছরের জন্য প্রায় ৯ লাখ কোটি টাকার বাজেট প্রণয়ন করছে সরকার। অর্থ মন্ত্রণালয়ের প্রাথমিক হিসাব অনুযায়ী, বাজেটের সম্ভাব্য আকার হতে পারে আট লাখ ৮৩ হাজার কোটি টাকা, যা চলতি অর্থবছরের তুলনায় প্রায় ৯৩ হাজার কোটি টাকা বেশি। এর বিপরীতে রাজস্ব আয়ের লক্ষ্য ছয় লাখ ৩৬ হাজার কোটি টাকা ধরা হলে ঘাটতির পরিমাণ দাঁড়াবে দুই লাখ ৪৭ হাজার কোটি টাকা বা জিডিপির ৩.৬ শতাংশ। এই ঘাটতি মেটাতে অভ্যন্তরীণ উৎস থেকে দুই লাখ ৪১ হাজার কোটি টাকা (জিডিপির ২ শতাংশ) সংগ্রহের লক্ষ্য ঠিক করা হয়েছে। এর মধ্যে ব্যাংক থেকে ঋণ নেওয়া হবে এক লাখ ২০ হাজার কোটি টাকা এবং বৈদেশিক উৎস থেকে আসবে এক লাখ ছয় হাজার কোটি টাকা। জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করা, মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ, বিনিয়োগ ও কর্মসংস্থান বাড়ানো এবং সামষ্টিক অর্থনীতির স্থিতিশীলতা রক্ষা করাই হবে এবারের বাজেটের প্রধান লক্ষ্য। সংশ্লিষ্ট ব্যক্তিরা বলছেন, যেখানে আয় বাড়ানো চ্যালেঞ্জ, সেখানে বড় অঙ্কের বাজেটে করের বোঝা বাড়ার ঝুঁকি রয়েছে।

বাতির নিচেই অন্ধকার; বিদ্যুৎকেন্দ্রের

ওবেস্থা। শুধু এই গ্রামগুলোই নয়, বিভাগের ছয়টি জেলা শহর, ৪১টি উপজেলা ও ৪ হাজার ১৬৩টি গ্রামের বাসিন্দারা দিনে-রাতে একাধিকবার লোডশেডিংয়ের কবলে পড়ছেন। বিশেষ করে গ্রামীণ এলাকায় চাহিদার তুলনায় বিদ্যুৎ সরবরাহ কম থাকায় মানুষের জীবনযাত্রায় ব্যাপক প্রভাব পড়েছে। শিক্ষার্থীরা স্বাচ্ছন্দ্যে লেখাপড়া করতে পারছে না। ব্যবসায়ীদের পাশাপাশি নাগরিকদের জীবনে স্থবিরতা নেমে এসেছে। স্থানীয়দের অভিযোগ, লোডশেডিংয়ের কারণে স্বাস্থ্যঝুঁকিও বাড়ছে। তীব্র গরমে শিশু ও বৃদ্ধরা রাতে ঘুমাতে পারছে না। হাসপাতালগুলোতে জরুরি চিকিৎসা কার্যক্রমও ব্যাহত হচ্ছে। সংশ্লিষ্টরা বলছেন, বিদ্যুৎ উৎপাদনকেন্দ্রের কাছে থাকা সত্ত্বেও সমন্বয়ের অভাবে এই অঞ্চলের মানুষকে লোডশেডিংয়ের কবলে পড়তে হচ্ছে। অবশ্য বিদ্যুৎ বিভাগ জানিয়েছে, জাতীয় গ্রিডের সীমিত সরবরাহ, স্থানীয় ফিডার লাইনে জটিলতা এবং কিছু উৎপাদনকেন্দ্র অস্থায়ীভাবে বন্ধ থাকায় এই সমস্যা তৈরি হয়েছে। এ ছাড়া বরিশাল বিভাগের গ্রামীণ ও শহুরে এলাকায় বিদ্যুৎ ব্যবহার হঠাৎ বেড়ে যাওয়ায় পরিস্থিতি আরও জটিল হয়েছে। পটুয়াখালীর কলাপাড়ার নিশানবাড়িয়ার আবুল কালাম মাস্টার বলেন, 'বিদ্যুৎ উৎপাদনকেন্দ্রের এত কাছাকাছি থেকেও দিনে পাঁচ ঘণ্টা লোডশেডিং সহ্য করতে হচ্ছে। তীব্র গরমে রাতের ঘুমও হারাম হয়ে যাচ্ছে। গত সোমবার থেকে পরিস্থিতি আরও খারাপ হয়েছে।' কলাপাড়া শহরের বাসিন্দা সাইফ মাহমুদ বলেন, 'দিনে আট ঘণ্টা ও রাতে ছয় ঘণ্টা লোডশেডিং দেওয়া হচ্ছে। তীব্র গরমে বিদ্যুৎ না থাকায় রাতে ঘুম ভেঙে যাচ্ছে।' বিদ্যুৎসংশ্লিষ্ট সূত্র জানায়, বরিশাল বিভাগের পল্লী বিদ্যুৎ সমিতি (পবিস) গ্রামীণ ও উপজেলা এলাকায় প্রায় ২১ লাখ ৬৫ হাজার এবং ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি (ওজোপাডিকো) জেলা শহর ও পৌর এলাকায় প্রায় ৪ লাখ ৭০ হাজার গ্রাহককে বিদ্যুৎ সরবরাহ করে। ৪২টি উপজেলায় ডে-পিক আওয়ারে ৬৫০ মেগাওয়াট এবং সান্ধ্য পিক আওয়ারে ৮৫০ মেগাওয়াট বিদ্যুতের চাহিদা থাকলেও সরবরাহ ঘাটতি ৩৫-৪০ শতাংশ। ফলে দিন-রাতে চার থেকে পাঁচ দফা লোডশেডিং দিতে হচ্ছে। বিদ্যুৎ উৎপাদনের পরিসংখ্যান অনুযায়ী, কলাপাড়ার ১৩২০ মেগাওয়াট ক্ষমতার পায়রা তাপবিদ্যুৎকেন্দ্র, পটুয়াখালী সুপার আলট্রা ১৩২০ মেগাওয়াট ক্ষমতার আরপিসিএল-নোরিনকো কেন্দ্র, বরিশালের রূপাতলীতে ১১০ মেগাওয়াট সামিট গ্রুপ কেন্দ্র, ভোলার বোরহানউদ্দিনে ২২০ মেগাওয়াট কম্বাইন্ড সাইকেল কেন্দ্র, ভোলার ভেঙ্গার এনার্জি ৩৩ মেগাওয়াট কুইক রেন্টাল কেন্দ্র এবং পটুয়াখালীতে ১৫০ মেগাওয়াট কুইক রেন্টাল কেন্দ্র রয়েছে। এ ছাড়া সামিটের একটি সোলার প্ল্যান্টও বিদ্যুৎ উৎপাদন করছে। পটুয়াখালীর কয়লাভিত্তিক কেন্দ্রটি ২০২৫ সালের ১৮ জানুয়ারি পরীক্ষামূলকভাবে প্রথম ইউনিট থেকে ৬৬০ মেগাওয়াট বিদ্যুৎ জাতীয় গ্রিডে সরবরাহ শুরু করে। তবে পরে কয়লাসংকট এবং বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের জটিলতার কারণে উৎপাদন স্থগিত হয়। এ ছাড়া পটুয়াখালী ও ভোলার কুইক রেন্টাল কেন্দ্র দুটি বন্ধ রয়েছে। বাকি কেন্দ্রগুলো থেকে প্রায় ১৬০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হচ্ছে। এদিকে বরিশালের দুটি গ্রিড সাব-স্টেশন থেকে বরিশাল ছাড়াও বিদ্যুৎ যায় ঝালকাঠি, মাদারীপুরের একাংশ ও পিরোজপুরের স্বরূপকাঠিতে। ঝালকাঠি জেলা সদর, নলছিটি ও স্বরূপকাঠিতে বিদ্যুতের চাহিদা ১২ মেগাওয়াট। এই দুটি গ্রিড সাব-স্টেশন থেকে বরিশাল নগরী ও জেলার ৯টি উপজেলাসহ মাদারীপুরের কিছু এলাকায়ও বিদ্যুৎ যায়। এসব উপজেলার বিদ্যুৎ সরবরাহ আবার নিয়ন্ত্রণ করে পল্লী বিদ্যুৎ সমিতি। এ ছাড়া বাকেরগঞ্জে থাকা গ্রিড সাব-স্টেশনের মাধ্যমে ১৫-২০ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করা হয় ওই উপজেলাসহ আশপাশের কিছু এলাকায়। বরিশালে যে দুটি গ্রিড সাব-স্টেশন রয়েছে, তার মধ্যে রূপাতলী সাব-স্টেশনের আওতাধীন এলাকায় গত রবিবার বেলা ৩টায় বিদ্যুতের মোট চাহিদা ছিল প্রায় ১২০ মেগাওয়াট। এর বিপরীতে জাতীয় গ্রিড থেকে তারা পেয়েছে ৮৯ মেগাওয়াটের কিছু বেশি। একই সময়ে কাশিপুর কলাডেমা সাব-স্টেশন চাহিদার ১৩০ মেগাওয়াটের বিপরীতে পেয়েছে ৬৬ মেগাওয়াট। অর্থাৎ, সরবরাহ কম ছিল মোট প্রায় ৬৪ মেগাওয়াট। এ ক্ষেত্রে নগরাঞ্চলে চাহিদার প্রায় ৭০ ভাগ সরবরাহ করা হলেও গ্রামাঞ্চলে দেওয়া হয়েছে ৫০ ভাগেরও কম। ফলে পল্লী বিদ্যুৎ সমিতির আওতায় থাকা মানুষকে সইতে হয়েছে সবচেয়ে বেশি দুর্ভোগ। বরিশাল নগরীর ব্যবসায়ী জাকির হোসেন বলেন, 'সন্ধ্যা ৭টার মধ্যে দোকান বন্ধ করতে হচ্ছে। দিনে ৩-৪ ঘণ্টা বিদ্যুৎ না থাকলে ব্যবসা চালানো অসম্ভব।' ফজলুল হক অ্যাভিনিউয়ের ব্যবসায়ী আকতার হোসেন বলেন, 'বিদ্যুৎ চলে গেলে অনেক ব্যবসায়ী এখন জেনারেটর চালান। এই জেনারেটর তেলে চলে। তাহলে জ্বালানি সাশ্রয়ের জন্য এই যে লোডশেডিং, তাতে কি লাভ হলো?' ভাটিখানা এলাকার গৃহবধূ শরমিন আক্তার বলেন, 'বরিশালে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ এখনো স্বপ্নের মতো। দিন-রাতে ৪-৫ বার লোডশেডিং হচ্ছে, শিশু ও বৃদ্ধরা সবচেয়ে বেশি কষ্ট পাচ্ছেন।'

বরিশাল নাগরিক কমিটির সদস্যসচিব ডা. মিজানুর রহমান বলেন, 'জ্বালানিসংকটের কথা সবাই জানে। সরকারের উচিত লোডশেডিংয়ের আগাম নোটিশ দিয়ে দেওয়া। ঘণ্টার পর ঘণ্টা বিদ্যুৎ বন্ধ রাখায় মানুষের দুর্ভোগ বাড়ছে।' ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি বরিশাল-২-এর নির্বাহী প্রকৌশলী মনজুর রহমান বলেন, 'চাহিদা অনুযায়ী বিদ্যুৎ সরবরাহ করতে পারছি না। উৎপাদন কেন্দ্রের জটিলতার কারণে সমস্যা হয়েছে। আশা করি দুই-তিন দিনের মধ্যে সমাধান হয়ে যাবে।'

শিশু ধর্ষণ মামলায়

আজাদের ছেলে মো. রাসেল (৩৬), ভোলার চরফ্যাশন এলাকার আজগর মাঝির ছেলে মো. আল আমিন (৩৫), পটুয়াখালী নন্দীপাড়া এলাকার ইউসুফের ছেলে মো. মামুন (৪২) ও একই এলাকার আল আমিনের স্ত্রী জোসনা বেগম (৩১)। তাদের মধ্যে মো. রাসেল ছাড়া বাকী সব আসামি পলাতক রয়েছে। অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত পাবলিক প্রসিকিউটর অ্যাডভোকেট খোরশেদ আলম মোল্লা বলেন, ২০২৩ সালের ১ এপ্রিল আসামিরা সিদ্ধিরগঞ্জের চিটাগাংরোড এলাকায় ভুক্তভোগী ১২ বছরের শিশুকে আটকে রেখে পাঁচ টাকা মুক্তিপণ দাবি করে। পররে ওই শিশুকে ধর্ষণ করে। এ ঘটনায় শিশুর বাবা সিদ্ধিরগঞ্জ থানায় মামলা করেন। মামলার বিচারকি কার্যক্রম শেষে আদালত এ রায় দেন।

'হাদি হত্যার দুই আসামিকে

নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার রিয়াজ হামিদুল্লাহ উপস্থিত ছিলেন। পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতিতে বলা হয়েছে, আলোচনায় উভয়পক্ষ বিভিন্ন ক্ষেত্রে দুই দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ককে এগিয়ে নিয়ে যাওয়ার গুরুত্বের ওপর জোর দেয়। শহীদ ওসমান হাদির সন্দেহভাজন হত্যাকারীদের গ্রেপ্তার করায় ড. খলিলুর রহমান ভারত সরকারকে ধন্যবাদ জানান। দুই দেশের মধ্যে প্রত্যর্পণ চুক্তিতে নির্ধারিত পদ্ধতি অনুসারে গ্রেপ্তারকৃত ব্যক্তিদের বাংলাদেশে ফেরত পাঠানো হবে বলে উভয়পক্ষ সম্মত হয়। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল কর্তৃক মৃত্যুদণ্ডপ্রাপ্ত শেখ হাসিনা এবং তার সরকারের স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালকে বাংলাদেশে প্রত্যর্পণের জন্যও বাংলাদেশ পক্ষ তাদের অনুরোধ পুনর্ব্যক্ত করে। ড. খলিলুর রহমান বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে সদ্য নির্বাচিত বিএনপি সরকার 'বাংলাদেশ ফার্স্ট' নীতি এবং পারস্পরিক আস্থা, সম্মান ও উভয়পক্ষের সুবিধার ভিত্তিতে তার পররাষ্ট্রনীতি অনুসরণ করবে। আলোচনার সময় মন্ত্রী জয়শঙ্কর বলেন, আগামী সপ্তাহগুলোতে বাংলাদেশিদের জন্য ভারতীয় ভিসা, বিশেষ করে চিকিৎসা ও ব্যবসায়িক ভিসা সহজ করা হবে। সম্প্রতি ভারত কর্তৃক বাংলাদেশে ডিজেল সরবরাহের জন্য খলিলুর রহমান মন্ত্রী হরদীপ পুরীকে ধন্যবাদ জানান এবং ডিজেল ও সারের সরবরাহের পরিমাণ বাড়ানোর অনুরোধ করেন।

বিসিবি এখন বাপের দোয়া

বলেছেন, বিসিবি এখন আর বাংলাদেশ ক্রিকেট বোর্ড নাই, এটা এখন বাপের দোয়া ক্রিকেট বোর্ডে পরিণত হয়ে গেছে। বুধবার (৮ এপ্রিল) বিকেলে জাতীয় সংসদে দেওয়া বক্তব্যে তিনি এসব কথা বলেন। সংসদের অধিবেশনে সভাপতিত্ব করেন স্পিকার হাফিজ উদ্দিন আহমদ। হাসনাত আবদুল্লাহ বলেন, বাংলাদেশ ক্রিকেট বোর্ড আর নাই, এটা বাপের দোয়া কিক্রেট বোর্ডে পরিণত হয়েছে। আমাদের জাতীয় মানবাধিকার কমিশনের বিলটা নিষ্পত্তি হওয়া জরুরি। তা না হলে বিসিবির মতো আমরা আবার বাপের দোয়া কমিশন দেখতে পাবো। বাংলাদেশ ব্যাংকের মতো আবার দলীয়করণ দেখতে পাবো। মানবাধিকার কমিশন আবার বাপের দোয়া কমিশন হবে না বা বিরোধীদল দমনের কমিশন হবে না- এটা কেউ বলতে পারে না। তিনি আরও বলেন, বিশ্ববিদ্যালয়গুলোকে এক ধরনের দলীয়করণ করা হয়েছে- আমরা সেই বিষয়টি আবার দেখতে পাবো। তাই মানবাধিকার বিল নিষ্পত্তি হওয়া জরুরি।

কিছু নির্বাচিত বিদ্যালয়ে

শিক্ষাপ্রতিষ্ঠানে পরীক্ষামূলকভাবে অনলাইন ও অফলাইন ক্লাসের সমন্বিত (হাইব্রিড) পদ্ধতি চালুর পরিকল্পনা রয়েছে। শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন বলেছেন, সব স্কুলে একযোগে নয়, বরং যেসব প্রতিষ্ঠানের সক্ষমতা রয়েছে, সেগুলোতে পাইলট প্রকল্প হিসেবে এই উদ্যোগ নেওয়া হতে পারে। যাতে জ্বালানি সাশ্রয়, যানজট কমানো এবং শিক্ষার্থীদের নিয়মিত পাঠক্রম অব্যাহত রাখা সম্ভব হয়। ?আজ বুধবার আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে 'বৈশ্বিক জ্বালানি সংকটে উদ্ভূত পরিস্থিতিতে শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখা ও বিদ্যুৎ সাশ্রয়'বিষয়ক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মন্ত্রী বলেন, 'বিশ্বের ইতিহাসে নানা সংকট নতুন সম্ভাবনার দ্বার খুলে দিয়েছে। তাই বর্তমান পরিস্থিতিতেও শিক্ষাব্যবস্থাকে থামিয়ে না রেখে নতুন পদ্ধতিতে এগিয়ে নিতে হবে। অতীতে বিশ্বযুদ্ধ, প্রযুক্তিগত পরিবর্তন কিংবা সামাজিক রূপান্তরের মতো ঘটনাগুলো নতুন নতুন শিল্প ও সুযোগ সৃষ্টি করেছে। একইভাবে বর্তমান জ্বালানি সংকট, যানজট ও বৈশ্বিক প্রতিযোগিতার প্রেক্ষাপটে বাংলাদেশের শিক্ষাব্যবস্থাকেও নতুনভাবে ভাবতে হবে। আমরা সবকিছু কেন থ্রেট হিসেবে নেব? আমরা চাইলে এটাকে সুযোগ হিসেবেও নিতে পারি।' শিক্ষামন্ত্রী ?এহছানুল হক মিলন বলেন, ভবিষ্যতের শিক্ষা হবে প্রযুক্তিনির্ভর ও অনেকাংশে পেপারলেস। সংসদ থেকে শুরু করে শ্রেণিকক্ষড়সব জায়গায় ডিজিটাল ব্যবস্থার ব্যবহার বাড়বে। শিক্ষার্থীদেরও সেই বাস্তবতার জন্য প্রস্তুত করতে হবে। ?জ্বালানি সাশ্রয় ও যানজট কমাতে নির্দিষ্ট কিছু 'কোয়ালিটি' বা সক্ষম স্কুলে পরীক্ষামূলকভাবে অনলাইন-অফলাইনের সমন্বয়ে ক্লাস চালুর পরিকল্পনার কথা জানান মন্ত্রী। তিনি বলেন, সব শিক্ষাপ্রতিষ্ঠানে একযোগে নয়, বরং যেসব প্রতিষ্ঠানের সক্ষমতা আছেড়সেসব স্কুলে পাইলট প্রকল্প হিসেবে এটি চালু করা যেতে পারে। প্রস্তাবিত মডেলে সপ্তাহজুড়ে কিছুদিন অনলাইন এবং কিছুদিন অফলাইন ক্লাস থাকবে। এতে শিক্ষার্থীদের উপস্থিতি কমে ট্রাফিক চাপ ও জ্বালানি ব্যবহার হ্রাস পাবে। একই সঙ্গে শিক্ষার্থীরা নিয়মিত পাঠক্রমের মধ্যেই থাকবে। ?মন্ত্রী আরও বলেন, 'রাজধানীতে অনেক শিক্ষার্থী ব্যক্তিগত গাড়িতে স্কুলে যাতায়াত করে, যা প্রতিদিন বিপুল জ্বালানি অপচয় ও যানজট সৃষ্টি করে। করোনাকালে হঠাৎ করে অনলাইন শিক্ষায় যেতে হয়েছিল, কিন্তু ভবিষ্যতের জন্য আমাদের আগে থেকেই প্রস্তুত থাকতে হবে।' ?শিক্ষকদের ভূমিকাও গুরুত্বপূর্ণ উল্লেখ করে মন্ত্রী বলেন, অনলাইন ক্লাস কার্যকর করতে শিক্ষকদের প্রশিক্ষণ ও তদারকি বাড়াতে হবে। শিক্ষার্থীরা যাতে অনলাইনে মনোযোগী থাকে, সে বিষয়েও নজরদারি প্রয়োজন।

বিসিবিতে বাপের দোয়া-মায়ের

একটা আহ্বায়ক কমিটি করেছে। বাপের দোয়া মায়ের দোয়া কমিটি করা হয়নি। বুধবার (৮ এপ্রিল) ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে কুমিল্লা-৪ আসনের সংসদ সদস্য মো. আবুল হাসনাতের এক প্রশ্নের জবাবে এ কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী। এর আগে সংসদে মো. আবুল হাসনাত অভিযোগ করে বলেন, বিসিবি এখন আর বাংলাদেশ ক্রিকেট বোর্ড নেই, এটা এখন বাপের দোয়া ক্রিকেট বোর্ডে পরিণত হয়ে গেছে। স্বরাষ্ট্রমন্ত্রী জবাবে বলেন, 'কিসের মধ্যে কি পানতা ভাতে ঘি। অতীতের সময়ে ক্রিকেট কন্ট্রোল বোর্ড একতরফাভাবে পরিচালিত হয়েছিল এবং তৎকালীন ক্রীড়া উপদেষ্টা দেশের জেলা কমিটি ও নিবন্ধিত ক্লাবগুলোতে প্রভাব বিস্তার করেছিলেন। বর্তমান গণতান্ত্রিক সরকার ক্রীড়ামন্ত্রীর নেতৃত্বে একটি অনুসন্ধানী বোর্ড গঠন করেছেন অনিয়ম চিহ্নিত করার জন্য। এছাড়া দেশের স্টার ক্রিকেটার তামিম ইকবালকে নেতৃত্বে দিয়ে একটি অ্যাডহক কমিটি গঠন করা হয়েছে। আমরা এখানে বাপ-মায়ের দোয়া কমিটি করিনি। আগে শুধু মায়ের দোয়া শোনা যেত, আজ বাপের দোয়ার কমিটিও দেখলাম।' ক্রিকেট ইস্যুর পাশাপাশি জুলাই গণঅভ্যুত্থান নিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, গণহত্যাকারী আওয়ামী লীগ ও তাদের পেটুয়া বাহিনী জুলাই যুদ্ধে হানাদারদের মতো আচরণ করেছে। রাজপথেই তাদের ফয়সালা হয়ে গেছে। এখন বীর বিপ্লবীদের সাংবিধানিক ও আইনি সুরক্ষা দেওয়া আমাদের ঈমানি দায়িত্ব। এ সুরক্ষা নিশ্চিত করতে সরকার বদ্ধপরিকর। মানবাধিকার কমিশনকে ঢেলে সাজানোর ঘোষণা দিয়ে মন্ত্রী বলেন, বিগত সরকার একটি বালখিল্য আইন করে সময় নষ্ট করেছে। আমরা এমন এক শক্তিশালী কমিশন গঠন করছি যেখানে গুমের বিচার হবে সরাসরি আইসিটি অ্যাক্টে। যার সাজা হবে যাবজ্জীবন বা মৃত্যুদণ্ড। গুমের ভিকটিমরা যাতে সরাসরি আদালতে বিচার পায়, সেই পথ পরিষ্কার করছি। বাংলাদেশ ব্যাংক ও বিশ্ববিদ্যালয়গুলোতে যারা দখলদারিত্ব চালিয়েছিল, তাদের সমালোচনা করে তিনি বলেন, বিগত সময়ে যারা বাংলাদেশ ব্যাংকে ঢুকে অর্থনৈতিক নৈরাজ্য সৃষ্টি করেছে, তাদের কারণে আজ জাতি সাফার করছে। বিশ্ববিদ্যালয়গুলোতে যারা পেশিশক্তি খাটিয়েছে, তাদের আর ছাড় দেওয়া হবে না।

দেশের সব উপজেলা সদরে

করছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বুধবার (৮ এপ্রিল) জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে নওগাঁ-৪ আসনের সংসদ সদস্য ইকরামুল বারী টিপুর এক প্রশ্নে প্রধানমন্ত্রী এ কথা জানান। প্রশ্নোত্তর পর্বে ওই সংসদ সদস্য জানতে চানড়নওগাঁর মান্দা উপজেলাধীন 'মান্দা থানা আদর্শ বালিকা বিদ্যালয় ও কলেজ'সহ দেশের সব উপজেলা সদরের একটি করে মহিলা কলেজ সরকারিকরণের কোনো পরিকল্পনা সরকারের আছে কি না; যদি থাকে তবে কতদিনের মধ্যে তা বাস্তবায়ন করা হবে? জবাবে প্রধানমন্ত্রী বলেন, বর্তমান সরকার নারীশিক্ষার প্রসার এবং নারীর ক্ষমতায়ন ও শিক্ষার সমান সুযোগ নিশ্চিতকরণে বদ্ধপরিকর। এ লক্ষ্যে দেশের সব উপজেলা সদরে একটি করে মহিলা কলেজ সরকারিকরণের বিষয়টি সরকার ইতিবাচকভাবে বিবেচনা করছে। একটি বৃহৎ ও গুরুত্বপূর্ণ উপজেলা হওয়ায় এখানে নারীশিক্ষার প্রসারে বিশেষ গুরুত্ব আরোপ করা হচ্ছে। তিনি বলেন, মান্দা থানা আদর্শ বালিকা বিদ্যালয় ও কলেজসহ দেশের অন্য উপজেলাগুলোর উপযুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানসমূহকে সরকারিকরণের বিষয়টি বিদ্যমান নীতিমালা ও প্রয়োজনীয় আর্থিক সংস্থান বিবেচনা করে পর্যায়ক্রমে বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হবে।

এবার জড়ালো অপহরণে

মেট্রোপলিটন পুলিশেরওপুলিশ কমিশনাব্র। স্যারের আদেশ পাওয়া মাত্রই তাৎক্ষণিকভাবে ছাত্র সুনান কে উদ্ধার করে পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। অভিযোগ প্রসঙ্গে তারিক সুলায়মান বলেন, ৬ এপ্রিল সন্ধ্যা রাতে মুঠোফোনে খবর পাই আমার ছেলেকে অপহরণ করেছে নগরীর কাউনিয়া বাগান বাড়ির মিল্টন। "মুহূর্তের মধ্যেচ আমি কাউনিয়া থানায় উপস্থিত হয়ে ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এর বরাবর একটি লিখিত আবেদন করি। পরে পুলিশ অপহৃত আমার ছেলে সুনানকে উদ্ধার করে। আমার ছেলে বরিশাল বিএম কলেজে ইতিহাস বিভাগের ছাত্র। জানা গেছে, ২০২৫ সালের ৩১ জুলাই সন্ধ্যায় বরিশাল সদর উপজেলার কাশিপুর ইউনিয়নের পূর্ব বিল্ববাড়ি এলাকার পুলিশের কাছ থেকে লিটুকে প্রকাশ্যে ছিনিয়ে নিয়ে লিটুকে প্রকাশ্যে কুপিয়ে হত্যার ঘটনায় পাশাপাশি ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটে। এ হত্যার ঘটনায় পরদিন ১ আগস্ট) বরিশালের এয়ারপোর্ট থানায় একটি মামলা দায়ের করেন নিহত লিটুর বোন মোসা. মুন্নি (৩৫) মামলায় নামধারী ৬১ জন ও অজ্ঞাতনামা ১৫০/২০০ জনকে আসামি করা একটি মামলা দায়ের করেন। মামলায় উল্লেখ করেন- হামলার সময় লিটুর হাত কেটে বিচ্ছিন্ন করে নিয়ে যায় ৫ নং আসামি মিল্টন। পরে অন্যান্য আসামিরা হামলা চালিয়ে বাদি সহ তার ভাই-বোনদের পিটিয়ে কুপিয়ে আহত-নিহত করে। পারিবারিক দ্বন্দ্বের কারণে জাকিরের নির্দেশেই এ হামলার ঘটনা ঘটে। হত্যার ঘটনায় মিল্টন নির্বাচনের আগে জেল থেকে উচ্চ আদালতের আদেশে জামিনে বের হয়। জামিন থাকা অবস্থায় মিল্টনের বিরুদ্ধে অপহরণের অভিযোগ উঠে। ২০২৫ সালের ১০ আগস্ট বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের সহ-দপ্তর সম্পাদক মো. ওসমান গনির প্রেরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে দলীয় শৃঙ্খলা পরিপন্থি কর্মকাণ্ডে জড়িত থাকার সুস্পষ্ট অভিযোগের ভিত্তিতে বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দল, বরিশাল মহানগর শাখার যুগ্ম-আহ্বায়ক মোঃ রিয়াজ খান মিল্টন-কে দলীয় পদ থেকে বহিষ্কারের ঘোষণা দেওয়া হয়। বিজ্ঞপ্তিতে একই সাথে দলের নেতাকর্মীদের তার সাথে কোন প্রকার যোগাযোগ না রাখার নির্দেশ প্রদান করা হল। স্বেচ্ছাসেবক দল কেন্দ্রীয় কমিটির সভাপতি এস এম জিলানী এবং সাধারণ সম্পাদক রাজিব আহসান এর সিদ্ধান্তে এ অনুমোদন দেওয়া হয়। অপহরণের বিষয় জানতে চাইলে মোঃ রিয়াজ খান মিল্টনের মুঠোফোনে একাধিকবার কল দিলে তিনি বারবার সংযোগ বিচ্ছিন্ন করে দেন।

সন্ত্রাসবিরোধী সংশোধনী বিল

সংসদ কর্তৃক গঠিত বিশেষ কমিটি। বিশ্লেষকদের মতে, কমিটির সুপারিশ অনুযায়ী অধ্যাদেশটি সংসদে আইন আকারে পাশ হলে এরপর আওয়ামী লীগের যে কোনো কার্যক্রম শুধু নিষিদ্ধই নয়, বরং দলটির সব নেতাকর্মীদেরও বিচারের আওতায় আনা যাবে।

অভাবের তাড়নায় ইউনিয়ন পরিষদে

সেলাই মেশিন। কিন্তু এক হাজার টাকা দেনার দায়ে সেটিও নিয়ে যায় স্থানীয় গ্রাম পুলিশ নজরুল ইসলাম। এতে তিনি আরও অসহায় হয়ে পড়েন। ইউপি সদস্য সাহিদা আক্তার পারুল জানান, পারিবারিক কলহ ও শ্বশুরবাড়ির নির্যাতনের কারণে মুক্তার জীবন দুর্বিষহ হয়ে উঠেছিল। চন্ডিপুর ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যান মশিউর রহমান মঞ্জু বলেন, 'মুক্তার স্বামী দ্বিতীয় বিয়ে করে আলাদা থাকেন। তার আয়ের একমাত্র সম্বল সেলাই মেশিনটিও নিয়ে নেওয়ায় তিনি মানসিকভাবে ভেঙে পড়েছিলেন।' জিয়ানগর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) হাসান মো. হাফিজুর রহমান জানান, বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে এবং প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

ঝালকাঠিতে হাম-রুবেলায়

শিশুদের সুরক্ষা নিশ্চিত করতে ঝালকাঠির নলছিটি উপজেলায় জরুরি ভিত্তিতে হাম-রুবেলা টিকাদান কর্মসূচি চালু করা হয়েছে। ১৬ দিনব্যাপী এ কর্মসূচির আওতায় প্রায় ২১ হাজার শিশুকে টিকা দেওয়ার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে বলে সিভিল সার্জন হুমায়ুন কবির জানিয়েছেন।

হিজলায় জেলেদের চাল স্বেচ্ছাসেবক

নিবার্হী কর্মকর্তা মোঃ ইলিয়াস সিকদার এ সংবাদ শুনে তার গোডাউনে যায় । তখন উপজেলা নিবার্হী কর্মকর্তা দুলাল সরদার কে ফোন দিলে সে রিসিভ করেননি। পরে গোডাউন তালা ঝুলিয়ে দেয়। জেলে কার্ডধারী নিজাম বাগা বলেন ন্যায্য মূল্য চাল বিতরণের জন্য দুলাল সরদার তার গোডাউন ভাড়া নেয় । গতকাল জেলেরা পরিষদ থেকে চাল নেওয়ার পথে রাস্তায় দাঁড়িয়ে মাহবুব সহ কয়েকজন গোডাউনে জমা করেন । পরে প্রত্যেক জেলেকে ৫৫ কেজি চাল দিয়ে বাকি ২৫ কেজি রেখে দেন। একাধিক জেলেরা জানান যদি তাদের কথা না শুনে তাহলে ভবিষ্যতে জেলে কার্ড বাতিল করে দেওয়া হবে। গুয়াবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান উপাধ্যক্ষ সাজাহান তালুকদার বলেন ইউনিয়ন পরিষদ থেকে সরকারের বরাদ্দ জেলেদের ৮০ কেজি বুঝিয়ে দেওয়া হয়েছে। পথিমধ্যে জেলেদের চাল রেখে দেওয়ার অভিযোগ পেয়েছি। বিষয়টি উপজেলা নিবার্হী কর্মকর্তা দেখবেন। হিজলা উপজেলা নিবার্হী কর্মকর্তা মোঃ ইলিয়াস সিকদার বলেন সরোজমিনে গিয়ে গোডাউনের মালিক কে ফোন দিলে তিনি না আসায় গোডাউনে তালা ঝুলিয়ে দেওয়া হয়েছে। তদন্ত কমিটি গঠন করা হয়েছে। তদন্ত সাপেক্ষে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

পটুয়াখালীতে শিশুদের আশংকাজনক হারে বেড়েছে হাম

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালীতে আশঙ্কা জনক বেড়েছে হাম আক্রান্ত শিশুরা। তবে পিছিয়ে নেই বৃদ্ধ লোকের সংখ্যাও। স্থানীয় হাসপাতাল সূত্রে জানাগেছে, জেলার ৮ উপজেলার বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্রে জ্বর, শরীরে লালচে দাগ এবং কাশির উপসর্গ নিয়ে এ পর্যন্ত ১০৪টি শিশু চিকিৎসা নিয়েছে। গত ২৪ ঘণ্টায় নতুন করে হামের উপসর্গ নিয়ে ভর্তি হয়েছে আরও ৮৬টি শিশু। সূত্র জানায়, পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতালেই এ পর্যন্ত ৮৬টি শিশু চিকিৎসা নিয়েছে, যাদের মধ্যে বর্তমানে ৪৩টি শিশু চিকিৎসাধীন রয়েছে। রয়েছে বৃদ্ধারা জেলার ৮ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স মিলিয়ে মোট আক্রান্তের সংখ্যা ১০৪ জনে দাঁড়িয়েছে। এদের মধ্যে ৩৯টি শিশুর নমুনা পরীক্ষার জন্য ঢাকায় পাঠানো হয়েছিল, যার মধ্যে ৪টি শিশুর শরীরে হামের উপস্থিতি নিশ্চিত হয়েছে। এ পর্যন্ত ৪৪টি শিশু সুস্থ হয়ে বাড়ি ফিরলেও প্রতিদিনই নতুন রোগী হাসপাতালে আসছে। আক্রান্তের তুলনায় জেলার হাসপাতালগুলোতে শয্যা সংখ্যা অত্যন্ত নগণ্য। পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতালে মাত্র ২০টি এবং পুরো জেলায় সব মিলিয়ে হামের রোগীদের জন্য মাত্র ৫৪টি বেড বরাদ্দ রয়েছে। শয্যা সংকটের কারণে বাধ্য হয়ে অনেক শিশুকে হাসপাতালের মেঝেতে শুয়ে চিকিৎসা নিতে হচ্ছে। পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. দিলরুবা ইয়াসমিন জানান, হাসপাতালে ২৫০ শয্যার বিপরীতে বর্তমানে ৬০০ থেকে ৭০০ জন রোগী ভর্তি থাকছে। অবকাঠামো, জনবল এবং ওষুধের বরাদ্দ সংকটের কারণে হিমশিম খেতে হচ্ছে। তবে হামের চিকিৎসার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম মজুত রয়েছে এবং ডাক্তার-নার্সসহ সংশ্লিষ্ট সকলে পরিস্থিতি মোকাবিলায় সর্বদা প্রস্তুত আছেন।

গভীর সংকটে বাংলাদেশের অর্থনীতি, দ্রুত সংস্কারের তাগিদ বিশ্বব্যাংকের

কীর্তনখোলা ডেস্ক

টানা তিন বছর মন্থর প্রবৃদ্ধি, ক্রমবর্ধমান দারিদ্র্য এবং উচ্চ মূল্যস্ফীতির চাপে দিশাহারা হয়ে পড়েছে বাংলাদেশের অর্থনীতি। এর ওপর মধ্যপ্রাচ্যের সংঘাতজনিত বৈশ্বিক প্রতিকূলতা এ পরিস্থিতিকে আরও জটিল করে তুলেছে। এ অবস্থায় স্থিতিশীলতা ফেরাতে দ্রুত সংস্কারের তাগিদ দিয়েছে বিশ্বব্যাংক। বুধবার (৮ এপ্রিল) আগারগাঁওয়ে প্রকাশিত বিশ্বব্যাংকের 'বাংলাদেশ ডেভেলপমেন্ট আপডেট' প্রতিবেদনে দেশের অর্থনীতির এই উদ্বেগজনক চিত্র তুলে ধরা হয়। প্রতিবেদনে সতর্ক করে বলা হয়েছে, ২০২৫-২৬ অর্থবছরে বাংলাদেশের প্রবৃদ্ধি কমে ৩ দশমিক ৯ শতাংশে দাঁড়াতে পারে। সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা পুনরুদ্ধার, প্রবৃদ্ধি টেকসই করা এবং কর্মসংস্থান সৃষ্টির জন্য অবিলম্বে সাহসী ও সুদূরপ্রসারী সংস্কার প্রয়োজন বলে জানিয়েছে সংস্থাটি। বিশ্বব্যাংক জানিয়েছে, বাংলাদেশের অর্থনীতি বর্তমানে বহুমুখী সংকটের মধ্য দিয়ে যাচ্ছে। এর মধ্যে রয়েছে- ক্রমবর্ধমান দারিদ্র্য: জাতীয় দারিদ্র্যের হার ২০২২ সালে ছিল ১৮ দশমিক ৭ শতাংশ, ২০২৫ সালে যা বেড়ে দাঁড়িয়েছে ২১ দশমিক ৪ শতাংশে। এর ফলে ২০২৫ সালে আরও ১৪ লাখ মানুষ নতুন করে দারিদ্র্যসীমার নিচে চলে গেছে। উচ্চ মুদ্রাস্ফীতি: চলতি অর্থবছরে মূল্যস্ফীতি ৮ দশমিক ৫ শতাংশে অবস্থান করছে। খাদ্য ও খাদ্যবহির্ভূত পণ্যের দাম বাড়ায় নিম্ন আয়ের মানুষের ক্রয়ক্ষমতা মারাত্মক হ্রাস পেয়েছে। রাজস্ব সংকট: ২০২৫ সালের কর-জিডিপি অনুপাত ১৫ বছরের মধ্যে সর্বনিম্ন (৭ শতাংশের নিচে) পর্যায়ে নেমে এসেছে। দেশের আর্থিক খাত বর্তমানে চরম অস্থিরতার মধ্য দিয়ে যাচ্ছে। প্রতিবেদনে জানানো হয়েছে, ২০২৫ সালের ডিসেম্বর নাগাদ খেলাপি ঋণের হার বেড়ে ৩০ দশমিক ৬ শতাংশে পৌঁছেছে। মূলধন পর্যাপ্ততা বা ক্যাপিটাল অ্যাডিকোয়েসি রেশিও নিয়ন্ত্রক সীমার নিচে নেমে যাওয়ায় অনেক ব্যাংক লোকসান সামাল দেওয়ার সক্ষমতা হারিয়েছে। এ অবস্থা কাটিয়ে উঠতে দ্রুত ও দৃঢ় পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়েছে বিশ্বব্যাংক। মধ্যপ্রাচ্যে দীর্ঘস্থায়ী সংঘাত বাংলাদেশের জন্য 'মড়ার ওপর খাঁড়ার ঘা' হয়ে দাঁড়িয়েছে। এর ফলে জ্বালানি ভর্তুকি বৃদ্ধি, উচ্চ আমদানি ব্যয় এবং রপ্তানি ও রেমিট্যান্স কমে যাওয়ার ঝুঁকি তৈরি হয়েছে। বৈদেশিক মুদ্রার রিজার্ভ কম থাকায় এবং কঠোর মুদ্রানীতির কারণে এই ধাক্কা সামলানোর সক্ষমতা বাংলাদেশের জন্য সীমিত। এই সংকট থেকে উত্তরণের বিষয়ে বিশ্বব্যাংকের বাংলাদেশ ও ভুটান অঞ্চলের ডিভিশন ডিরেক্টর জ্যাঁ পেসম বলেন, স্থিতিশীলতা বাংলাদেশের প্রবৃদ্ধির মূল ভিত্তি। কিন্তু রাজস্ব আহরণ, আর্থিক খাত এবং ব্যবসায়িক পরিবেশে সুদূরপ্রসারী সংস্কার ছাড়া এই স্থিতিশীলতা স্থায়ী হতে পারে না। প্রতিবেদনে বলা হয়েছে, ২০২৬ সালের নির্বাচনের পর টেকসই রাজনৈতিক স্থিতিশীলতা এবং কাঠামোগত সংস্কারের দ্রুত অগ্রগতি অর্থনীতি পুনরুদ্ধারে বড় ভূমিকা রাখতে পারে। বিশেষ করে রাজস্ব বৃদ্ধির মাধ্যমে কর আদায়ের সক্ষমতা বাড়ানো, আর্থিক খাতের সুরক্ষায় ব্যাংকগুলোর সুশাসন নিশ্চিত করা, ব্যবসায়িক পরিবেশ তৈরির মাধ্যমে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের জন্য অর্থায়ন সহজ করা, নিয়ন্ত্রক অনিশ্চয়তা কমানো এবং নিরবচ্ছিন্ন বিদ্যুৎ ও উন্নত অবকাঠামো নিশ্চিত করা। বিশ্বব্যাংকের 'সাউথ এশিয়া ইকোনমিক আপডেট' অনুযায়ী, বৈশ্বিক অস্থিরতায় পুরো অঞ্চলের প্রবৃদ্ধি ২০২৬ সালে ৬ দশমিক ৩ শতাংশে নেমে আসতে পারে। তবে দক্ষিণ এশিয়া এখনো বিশ্বের অন্যতম দ্রুত বর্ধনশীল অঞ্চল বলে মনে করে সংস্থাটি। বিশ্বব্যাংকের ভাইস প্রেসিডেন্ট ইয়োহানেস জুট এবং প্রধান অর্থনীতিবিদ ফ্রানজিস্কা ওনসোর্গে কর্মসংস্থান সৃষ্টি ও বিনিয়োগ বাড়াতে বাজারভিত্তিক সংস্কার এবং দক্ষ শিল্পনীতির ওপর গুরুত্বারোপ করেছেন।

এপ্রিলের ৭ দিনেই রেমিট্যান্স এলো ১০ হাজার ৪০ কোটি টাকা

কীর্তনখোলা ডেস্ক

চলতি বছরের মার্চে বৈশ্বিক রেমিট্যান্স প্রবাহ নতুন উচ্চতায় পৌঁছেছে। ওই মাসে প্রবাসী বাংলাদেশিরা দেশে পাঠিয়েছেন ৩ দশমিক ৭৫ বিলিয়ন মার্কিন ডলার, যা দেশের ইতিহাসে একক কোনো মাসে সর্বোচ্চ প্রবাসী আয়। এর আগে সর্বোচ্চ রেমিট্যান্স এসেছিল ২০২৫ সালের মার্চে ৩ দশমিক ২৯ বিলিয়ন ডলার এবং একই বছরের ডিসেম্বরে ৩ দশমিক ২২ বিলিয়ন ডলার। রেমিট্যান্স প্রবাহের এই ইতিবাচক ধারা অব্যাহত রয়েছে চলতি এপ্রিল মাসেও। বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ তথ্যে দেখা গেছে, এপ্রিলের প্রথম সাতদিনেই প্রবাসীরা দেশে পাঠিয়েছেন ৮৩ কোটি ৩০ লাখ মার্কিন ডলার। বর্তমান বাজারদর অনুযায়ী (প্রতি ডলার ১২০ টাকা ধরে) যার পরিমাণ প্রায় ১০ হাজার ৪০ কোটি ৬০ লাখ টাকা। গত বছরের একই সময়ে এসেছিল ৬৩ কোটি ৬০ লাখ ডলার। সে হিসাবে গত বছরের একই সময়ের চেয়ে চলতি মাসের প্রথম সপ্তাহে ১৮ কোটি ৭০ লাখ ডলার বা ২ হাজার ২৮১ কোটি ৪০ লাখ টাকা বেশি এসেছে। বাংলাদেশ ব্যাংক সূত্র জানিয়েছে, এর আগে দেশের ইতিহাসে সর্বোচ্চ প্রবাসী আয় এসেছিল গত বছরের মার্চে। ওই সময় প্রবাসীরা দেশে পাঠিয়েছিলেন ৩২৯ কোটি ৫৬ লাখ ৩০ হাজার ডলার। সে হিসাবে চলতি বছরের মার্চে রেমিট্যান্স প্রবাহ প্রায় ১৪ শতাংশ বেশি। এছাড়া তৃতীয় সর্বোচ্চ রেমিট্যান্স এসেছিল ২০২৫ সালের ডিসেম্বর মাসে, যখন দেশে আসে ৩২২ কোটি ৬৬ লাখ ডলার। আর চতুর্থ সর্বোচ্চ রেমিট্যান্স আসে চলতি বছরের জানুয়ারিতে, ওই মাসে প্রবাসী আয় ছিল ৩১৭ কোটি মার্কিন ডলার। এদিকে, মধ্যপ্রাচ্যে চলমান উত্তেজনা ও অস্থিরতার প্রভাব বৈদেশিক মুদ্রাবাজারেও পড়তে শুরু করেছে। সংকটের কারণে আন্তর্জাতিক বাজারে মার্কিন ডলারের চাহিদা বেড়েছে এবং স্থানীয় মুদ্রার বিপরীতে ডলারের বিনিময় হারও বেড়েছে। ফলে প্রবাসীরা দেশে পাঠানো ডলারের বিপরীতে তুলনামূলক বেশি টাকা পাচ্ছেন। অর্থনীতিবিদরা বলছেন, মধ্যপ্রাচ্যে চলমান সংকট দীর্ঘায়িত হলে বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশের অর্থনীতিতেও এর প্রভাব পড়তে পারে। তাই সম্ভাব্য ঝুঁকি মোকাবিলায় বৈদেশিক মুদ্রার রিজার্ভ শক্ত অবস্থানে রাখার পরামর্শ দিয়েছেন তারা।

সাবমেরিন ক্যাবল রক্ষণাবেক্ষণে চারদিন বিঘ্নিত হতে পারে ইন্টারনেট সেবা

কীর্তনখোলা ডেস্ক

সাবমেরিন ক্যাবল সিস্টেমে রক্ষণাবেক্ষণ কাজের কারণে আগামী ৯ এপ্রিল রাত ১০টা থেকে ১৩ এপ্রিল সকাল ৬টা পর্যন্ত চারদিন প্রতিদিন ৮ ঘণ্টা করে ইন্টারনেট সেবায় বিঘ্ন ঘটতে পারে। এসময়ে ইন্টারনেটে ধীরগতিও লক্ষ্য করা যেতে পারে। বুধবার (৮ এপ্রিল) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি)। বিজ্ঞপ্তিতে বলা হয়, কুয়াকাটায় স্থাপিত দেশের দ্বিতীয় সাবমেরিন ক্যাবল এসইএ-এমই-ডব্লিউই-৫-এর কনসোর্টিয়াম কর্তৃক 'S.1.5.1 Shunt Fault Repair' শীর্ষক একটি রক্ষণাবেক্ষণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এতে বলা হয়, এই রক্ষণাবেক্ষণ কার্যক্রম আগামী ৯ এপ্রিল রাত ১০টা থেকে ১৩ এপ্রিল ভোর ৬টা পর্যন্ত মোট চারদিন দৈনিক ৮ ঘণ্টা সময় ধরে চলমান থাকবে। এসময়কালে কার্যক্রমটি ট্রাফিক ইফেক্টিং হওয়ায় এসএমডব্লিউ৫ সাবমেরিন ক্যাবল দিয়ে সিঙ্গাপুরমুখী সার্কিটসমূহ সাময়িকভাবে প্রভাবিত হবে। এর ফলে ইন্টারনেট গ্রাহকরা ইন্টারনেটের ধীরগতি অথবা আংশিক সেবা বিঘ্নের সম্মুখীন হতে পারেন। রক্ষণাবেক্ষণ কার্যক্রম চলমান থাকার সময় বিএসসিপিএলসির অন্য সাবমেরিন ক্যাবলের মাধ্যমে সেবাদান পূর্বের ন্যায় অব্যাহত থাকবে। প্রতিষ্ঠানটি বলছে, রক্ষণাবেক্ষণ কার্যক্রম চলাকালীন সময়ে সংশ্লিষ্ট কনসোর্টিয়ামের সঙ্গে সমন্বয়ের মাধ্যমে কাজ দ্রুত ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার সর্বোচ্চ চেষ্টা করা হবে, যেন নির্ধারিত সময়ের মধ্যেই স্বাভাবিক সেবা পুনরায় নিশ্চিত করা যায়।

বানারীপাড়ায় সন্ধ্যা নদীর চর

উপজেলা সহকারী কমিশনার (ভূমি) জিএমএ মুনীব দ্রুত এ বিষয়ে পদক্ষেপ নেওয়া হবে বলে জানিয়েছেন। নাম প্রকাশে অনিচ্ছুক একাধিক নির্ভরযোগ্য সূত্র জানায়, এক সপ্তাহ আগে বানারীপাড়া ফেরিঘাট-সংলগ্ন এলাকায় সন্ধ্যা নদীতে জেগে ওঠা চর বিএনপির সমর্থক ও সাধারণ মানুষের মধ্যে বণ্টন করে দেয় চক্রটি। প্রতিজনের কাছ থেকে এক থেকে দুই লাখ করে টাকা নেওয়া হয়। শুধু তাই নয়, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মো. রিয়াজ উদ্দীন মৃধা ওই জমিতে নিজের জন্য পাঁচটি ঘর তুলেছেন। নির্ভরযোগ্য একটি সূত্র জানায়, অর্থনৈতিক অসচ্ছলতার কারণে কলেজ জীবন শেষে মো. রিয়াজ উদ্দীন মৃধা একটি এনজিওতে মাঠকর্মী হিসেবে যোগ দেন। সেখানে চাকরি করার সময় অর্থ আত্মসাতের অভিযোগে তার বিরুদ্ধে মামলা হয়। মামলায় তিনি গ্রেপ্তার হয়ে জেলও খাটেন। ৫ আগস্ট রাজনৈতিক পটপরিবর্তনের পর বেপরোয়া হয়ে ওঠেন রিয়াজ উদ্দীন মৃধা। টাকার বিনিময়ে আওয়ামী লীগের নেতাকর্মীদের আশ্রয় দেওয়া, হাট-বাজার, বালুমহল, খাস জমি দখল, টেন্ডারবাজি এমন কোনো সেক্টর নেই যেখানে তার প্রভাব ছিল না। তিনি এসবই করতেন সহযোগীদের নিয়ে। বিএনপির একাধিক নেতা বিষয়টি নিশ্চিত করেছেন। তবে চরের জমি বিক্রি ও চাঁদাবাজির অভিযোগ অস্বীকার করেছেন অভিযুক্ত বিএনপি নেতারা। পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক মো. শফিকুল আলম রিপন আমার দেশকে বলেন, দলীয় নেতাকর্মী ও সাধারণ মানুষ ফেরিঘাট এলাকার চর দখল করেছে। তিনি কোনো চরের জমির পজিশন বেচাকেনার সঙ্গে জড়িত নন। বরং তিনি দখলদারদের বাধা দিয়েছেন। পৌর বিএনপির কোষাধ্যক্ষ মো. শাহে আলম বলেন, 'চর দখলে আমার চৌদ্দগোষ্ঠীও যায়নি। আমি কোনো টাউটারি-বদমাশি করি না। এসব যারা করে তাদের কাছে গিয়ে প্রশ্ন করুন। তবে কারা এসবের সঙ্গে জড়িত জানতে চাইলে তিনি এড়িয়ে যান। উপজেলা বিএনপির যুগ্ম সম্পাদক সবুর খান আমার দেশকে বলেন, চাঁদাবাজি, টেন্ডারবাজি কিংবা কোনো দখলবাজির সঙ্গে তিনি জড়িত নন। তার বিরুদ্ধে ষড়যন্ত্র হচ্ছে। অভিযোগ সম্পর্কে উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মো. রিয়াজ উদ্দীন আহম্মেদ মৃধা আমার দেশকে বলেন, চরের জমি দখল কিংবা বিক্রির সঙ্গে তিনি জড়িত নন। তিনি কোনো চাঁদাবাজি করছেন না। আওয়ামী লীগ নেতাদের আশ্রয় দেওয়া ও চাঁদাবাজির বিষয়টি অস্বীকার করেন তিনি। তাদের পরিবার সব সময়ই বিত্তশালী ছিল বলে দাবি করেন তিনি। এ বিষয়ে জানতে উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. বোয়েজিদুর রহমানকে একাধিকবার ফোন করা হলেও তিনি লাইন কেটে দেন। তবে বানারীপাড়া উপজেলা সহকারী কমিশনার (ভূমি) জিএমএ মুনীব চর দখলের অভিযোগের সত্যতা স্বীকার করে বলেন, এ বিষয়ে তিনি পদক্ষেপ নিচ্ছেন। চর দখল করে ঘর নির্মাণে একাধিকবার বাধা দেওয়া হয়েছে বলেও তিনি জানান।

পটুয়াখালীতে শুধুই তরমুজে ঝুঁকছেন

লাভের বদলে লোকসানের হিসেব কষছেন। একইভাবে লোকসানের শঙ্কায় আছেন পটুয়াখালী নিউ মার্কেটের কসমেটিক্স ব্যবসায়ী জুয়েল (৩৫)। ব্যবসায় মন্দা থাকায় তিনি তরমুজ চাষে বিনিয়োগ করেন। সদর উপজেলার মাদারবুনিয়া ইউনিয়নে ৮ কানি জমিতে প্রায় ১৪ লাখ টাকা ব্যয়ে তরমুজ চাষ করেছেন তিনি। কিন্তু প্রত্যাশিত দাম না পাওয়ায় হতাশ তিনি। জুয়েল বলেন, ওদিকে যে ব্যবসা-বাণিজ্য করি তার অবস্থা খুব খারাপ। তাই তরমুজ চাষের দিকে আসছিলাম। গত বছরের তুলনায় এ বছর বাজারে তরমুজের পরিমাণ চার গুণ বেশি। কিন্তু ন্যায্য দাম নিয়ে আমরা শঙ্কায় আছি। অনেক চাষি এ বছর চালান নিতে পারেনি অনেকে ক্ষেত রেখে চলে গেছে। এরপর ফেলে রাখা তরমুজ গরু ছাগলে খেয়েছে। গত বছরের তুলনায় এবারের অবস্থা খুবই খারাপ। গলাচিপার গোলখালী ইউনিয়নের অভিজ্ঞ তরমুজ চাষি মাহবুব আলম বলেন, আমি ২০০৫ সাল থেকে তরমমুজ চাষ করি। এ বছরের মত এমন কম বাজারমূল্য আর কখনো হয়নি। ২০১৬ সালেও কম দাম হয়েছিল একবার, কিন্তু এতটা না। আগাম যারা চাষ করেছে তারা মোটামুটি লাভবান ছিল, কিন্তু এখন যারা আমাদের মত চাষি তাদের লোকসান হবে আর আমাদের পেছনের ধাপে যারা চাষ করেছে তারা আরও লসের ভাগিদার হবে। কারণ, আমাদের তরমুজের উত্তরাঞ্চলের যে বাজার মূল্য তাও কম। বাজারে অতিরিক্ত সরবরাহকে দায়ী করে তিনি আরও বলেন, তরমুজ চাষ মূলত ছিল চাষিদের কাজ কিন্তু এখন যারা চাকরি করে বা অন্য ব্যবসা করে তারাও লোক রেখে তরমুজ চাষ করছে। তারা ভাবে, এক কানি জমিতে ২ লাখ টাকা খরচ করে ৭-৮ লাখ টাকা লাভ পাবে এমন লোভে পড়ে অনেকেই তরমুজ চাষ করছে। দেখেন, আশপাশের জমিতে যেখানে আগে মুগডাল, বাদাম-মরিচ চাষ হত সেখানেও এখন তরমুজ। এ কারণে, বাজারে তরমুজ সরবরাহ বেশী হওয়ায় তেমন দাম নাই। মঙ্গলবার (৭ এপ্রিল) পটুয়াখালী শহরের হেতালিয়া বাঁধঘাট, বড় চৌরাস্তা, নিউ মার্কেট, নতুন বাজার, শিয়ালী বাজার, বদরপুর বাজার ও লাউকাঠী বাজার ঘুরে দেখা যায়, প্রায় প্রতিটি বাজারেই তরমুজ বিক্রি হচ্ছে। তবে ক্রেতার উপস্থিতি তুলনামূলক কম। হেতালিয়া বাঁধঘাটে তরমুজ বিক্রেতা জসিম মোল্লা (৪০) বলেন, গতবার এখানে এতগুলা দোকান ছিল না, আমরা মাত্র ৫-৭ জন দোকানদার ছিলাম। অনেকেই নতুন বসছে এটা ভেবে যে তরমুজে অনেক ব্যবসা। দোকান নিয়ে বসে তো এরা লসে আছে। এই তরমুজ টা আমরা গতবছর সাড়ে ৪ শ টাকায় বিক্রি করছি (একটি বড় সাইজের তরমু হাতে নিয়ে) তবুও কাস্টমার ছিল । কিন্তু এ বছর দুইশো আড়াইশো টাকায় বিক্রি করি তবুও কাস্টমার নাই। দাম শুনলেই কাস্টমার চলে যায়। একই এলাকার আরেক ব্যবসায়ী সজিব (২৬) বলেন, ২ লাখ টাকার তরমুজ তুলছি দোকানে কিন্তু কাস্টমার নাই। যেখানে প্রতিদিন কমপক্ষে ১০০ তরমুজ বিক্রি হওয়ার কথা সেখানে বিক্রি হচ্ছে মাত্র ১০ টা তরমুজ। এগুলো বেশীদিন রাখাও যায় না, পেকে ঝোল হয়ে যায় তারপর ফালাইয়া দেই। চাষি ও ব্যবসায়ীদের মতে, স্থানীয় বাজারে অতিরিক্ত সরবরাহ এবং তাপমাত্রা বৃদ্ধির কারণে তরমুজ দ্রুত নষ্ট হয়ে যাচ্ছে, ফলে দাম কমে যাচ্ছে এবং চাষিরা ন্যায্য মূল্য থেকে বঞ্চিত হচ্ছেন। পটুয়াখালী জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তথ্য মতে, এ বছর জেলায় প্রায় ৩৫ হাজার ৫৭ হেক্টর জমিতে তরমুজ চাষ হয়েছে, যা গত বছরের তুলনায় প্রায় ৭ হাজার হেক্টর বেশি। জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক কৃষিবিদ ড. মো. আমানুল ইসলাম বলেন, জেলায় এ বছর তরমুজের চাষ গতবারের তুলনায় রেকর্ড ছাড়িয়ে গেছে। অধিক পাঁকার কারণে অনেক সময় তরমুজ নষ্ট হয়ে যাচ্ছে। তরমুজের ম্যাচুরিটি পিরিয়ডের দুই থেকে তিন দিন আগে কাটায় তা বাজার ঘুরতে ঘুরতে আরও ৪-৫ দিন লেগে যায় এতে ভোক্তা পর্যায়ে বিক্রির আগেই কিছু সংখ্যক তরমুজ নষ্ট হয়ে যাচ্ছে । এজন্য সর্বোচ্চ ম্যাচুরিটির ১২-২৩ দিন আগেই তরমুজ ক্ষেত থেকে কেটে ফেলা উচিত। আবার অনেকেই দাম পাবে ভেবে তরমুজ বেশি দিন ক্ষেতে রাখে এতে তরমুজ ক্ষেতেই পচন ধরা শুরু হয়ে যায়। তিনি আরও জানান, তরমুজ উৎপাদনে চাষিদের প্রয়োজনীয় সকল বিষয়ে পরামর্শ দিয়ে যাচ্ছে জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর। ন্যায্য দাম নিশ্চিতের বিষয়ে জেলা সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা মো. আমিনুল ইসলাম বলেন, এখানে উৎপাদন করে স্থানীয় ব্যবসায়ীদের কাছেই যারা তরমুজ বিক্রি করেন তারা ওইভাবে দাম পান না। দূর-দূরান্তের মার্কেটগুলোর সাথে আমরা যাদের লিংক আপ (সংযুক্ত করা) করে দিচ্ছি তারা ভালো দাম পাচ্ছে। আমাদের কাছে আসলে আমরা চাষিদের সহযোগিতা করছি। তাদেরকে দেখিয়ে দিচ্ছি যে আপনাদের তরমুজ ওমক জায়গায় দেন, এই নাম্বারে ফোন দেন, এই বাজারে যান। কাছাকাছি বিক্রি হলে, বাজারে যখন সরবরাহ বেড়ে যায় তখন দাম কমে যায়। ন্যায্য মূল্য তরমুজ বিক্রির বিষয়ে আমরা কৃষকদের সর্বোচ্চ সহযোগিতা করে যাচ্ছি। আমরা সরকারকে একটি প্রস্তাবনা দিয়েছি যে তরমুজ থেকে আরও বিকল্প কী কী উৎপাদন করা যায়। জুস উৎপাদন করা যায় কি না এ বিষয়েও আমরা কথা বলছি।

আগৈলঝাড়ায় তুচ্ছ ঘটনায় পরিবারের

একটি হাসের বাচ্চা মেরে ফেলার অভিযোগ করে। এনিয়ে মঙ্গলবার সন্ধ্যায় আকাশ মোল্লার সাথে সত্তার মোল্লার বাকবিতন্ডা হয়। পরে সত্তার মোল্লার নেতৃত্বে সরোয়ার মোল্লা, জুয়েল মোল্লা, সুমন মোল্লা, লিমন মোল্লা, সাকিব ও সিফাতসহ ১৫ থেকে ২০জন মিলে আকাশ মোল্লা, হাফিজ মোল্লা, মিনারা বেগম, সাহিদা বেগম, ছলেমান সন্যামত, জেরিন বেগমসহ ৬জনকে পিটিয়ে আহত করে। এদের মধ্যে আকাশ মোল্লা, তার ভাই হাফিজ মোল্লা, তাদের মা মিনারা বেগমকে গুরুতর আহত অবস্থায় আগৈলঝাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। আহত আকাশ মোল্লা জানান, আমার পাশের বাড়ির সত্তার মোল্লার একটি হাসের বাচ্চা মারা যাওয়ায় আমার পোষা কুকুরটিকে দোষারোপ করা হয়। তারপরও আমি তাদেরকে হাসের বাচ্চার দাম দিয়ে দেয়ার কথা বলি। তারপরও তারা বিনা কারনে লোকজন নিয়ে আমার পরিবারের উপর হামলা করে। এঘটনায় থানায় মামলা দায়েরের প্রস্তুতি চলছে।

শহরের প্রবেশদ্বারে দৃষ্টিনন্দন

এ চত্বরে ভিড় করেন এবং এই উদ্যোগকে সাধুবাদ জানান। ঝালকাঠির ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতিকে ফুটিয়ে তুলতে চত্বরটিতে নির্মাণ করা হয়েছে একটি মনোমুগ্ধকর ভাস্কর্য। এতে ঠাঁই পেয়েছে জেলার ঐতিহ্যবাহী: শীতলপাটির বুনন; পেয়ারার ভাসমান হাট; জেলেদের ইলিশ শিকারের দৃশ্য; ঐতিহাসিক জমিদার বাড়ির প্রতিচ্ছবি। পাশাপাশি চত্বরটিতে প্রখ্যাত কবি কামিনী রায় ও জীবনানন্দ দাশের স্মৃতিবিজড়িত কবিতার শিরোনাম যুক্ত করা হয়েছে। ঝালকাঠির স্থানীয় শিল্পী আতিকুর রহমানের নকশায় প্রায় ১৬ লাখ টাকা ব্যয়ে নির্মিত এই চত্বরের চারদিকে লাগানো হয়েছে নানা প্রজাতির ফুলের গাছ। এছাড়া দর্শনার্থীদের বিশ্রামের জন্য আরামদায়ক আসনের ব্যবস্থাও রাখা হয়েছে। উদ্বোধনকালে ঝালকাঠি পৌরসভার প্রশাসক মো. কাওছার হোসেন বলেন, ঝালকাঠি শহরের প্রবেশদ্বার দিয়ে প্রতিদিন বিভিন্ন জেলার মানুষ যাতায়াত করেন। এতদিন এখানে জেলার পরিচয় বহনকারী কোনো সুনির্দিষ্ট নিদর্শন ছিল না। 'ঝালকাঠি চত্বর' নির্মাণের মাধ্যমে সেই অভাব পূরণ হয়েছে। এটি কেবল একটি প্রতীক নয়, বরং একটি বিনোদনকেন্দ্র হিসেবেও পরিচিতি পাবে। এখানে পথচারীরা বিশ্রামের পাশাপাশি জেলার ঐতিহ্য সম্পর্কে জানতে পারবেন।'

বরগুনায় হামের পরে এবার

একই সঙ্গে শ্বাসকষ্ট ও ঠান্ডাজনিত রোগ নিয়ে হাসপাতালে ভিড় করছেন অনেকেই। এমন পরিস্থিতিতে মানুষের মধ্যে উদ্বেগ বাড়ছে। ২৫০ শয্যার বরগুনা জেনারেল হাসপাতালের পরিসংখ্যান বিভাগ সূত্রে জানা গেছে, গত এক সপ্তাহে ডায়রিয়ায় আক্রান্ত হয়ে ১৪৮ জন চিকিৎসা নিয়েছেন, এর মধ্যে ৭২টিই শিশু। ঠান্ডাজনিত ও শ্বাসকষ্টে আক্রান্ত হয়ে চিকিৎসা নিয়েছে ৭১৭ শিশু। গত সোমবার সকাল ৮টা থেকে গতকাল মঙ্গলবার সকাল ৮টা পর্যন্ত ২৪ ঘণ্টায় ডায়রিয়ায় আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হন ২৫ জন রোগী। গত তিন মাসে এই হাসপাতালে ডায়রিয়ায় আক্রান্ত হয়ে চিকিৎসা নিয়েছেন ১ হাজার ২১৮ জন। জেলায় ডেঙ্গুর প্রকোপও পুরোপুরি থামেনি। গত বছর বরগুনায় ৯ হাজার ৭৪৯ জন ডেঙ্গুতে আক্রান্ত হন, মারা যান ১৫ জন। চলতি বছরের জানুয়ারি থেকে এ পর্যন্ত আক্রান্ত হয়েছেন ৬০ জন। হাসপাতালে গিয়ে দেখা যায়, পুরোনো ভবনের দ্বিতীয় তলায় বেডের পাশাপাশি মেঝেতেও বিছানা করে ডায়রিয়া রোগীদের চিকিৎসা দেওয়া হচ্ছে। রোগীর চাপ সামলাতে হিমশিম খাচ্ছে কর্তৃপক্ষ। সদর উপজেলার কেওড়াবুনিয়া ইউনিয়নের তুলসীবাড়িয়া এলাকার বাসিন্দা সবুজ মিয়া তাঁর ছয় বছরের ছেলে সিয়ামকে জ্বর ও পাতলা পায়খানার উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি করেছেন। বেড না পেয়ে ডায়রিয়া ওয়ার্ডের মেঝেতেই চিকিৎসা চলছে। সবুজ মিয়া বলেন, হাসপাতাল থেকে শুধু স্যালাইন দেওয়া হয়েছে, অন্য ওষুধ বাইরে থেকে কিনতে হচ্ছে। জেলার সিভিল সার্জন কার্যালয়ের তথ্য অনুযায়ী, গত সোমবার সকাল ৮টা থেকে গতকাল মঙ্গলবার সকাল ৮টা পর্যন্ত ২৪ ঘণ্টায় জেলায় ৫৭ জন ডায়রিয়া রোগী বিভিন্ন হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি হয়েছেন। গত এক সপ্তাহে আক্রান্ত হয়েছেন ৩৮২ জন। আর চলতি বছরের জানুয়ারি থেকে এখন পর্যন্ত জেলায় ডায়রিয়ায় আক্রান্ত হয়েছেন ২ হাজার ৪৩০ জন। বরগুনা জেনারেল হাসপাতালের আবাসিক চিকিৎসা কর্মকর্তা তাজকিয়া সিদ্দিকাহ বলেন, বাসি ও পচা খাবার খাওয়া, অতিরিক্ত গরম এবং অনিরাপদ পানি ব্যবহারের কারণে ডায়রিয়ার প্রকোপ বাড়ছে। সুপেয় পানির অভাব ও অস্বাস্থ্যকর খাদ্যাভ্যাসের কারণে টাইফয়েড, প্যারাটাইফয়েডসহ বিভিন্ন পানিবাহিত রোগও ছড়িয়ে পড়ছে। রাতে পুকুর বা নদীর পানি দিয়ে ভাত সংরক্ষণ করে সকালে সেই ভাত খাওয়ার প্রবণতাও সংক্রমণ বাড়ানোর একটি কারণ বলে জানান তিনি।

খলিল-জয়শঙ্কর বৈঠক: বাংলাদেশ-ভারত

বুধবার (৮ এপ্রিল) বিকেলে নয়াদিল্লির হায়দারাবাদ হাউসে এ বৈঠক অনুষ্ঠিত হয়। ভারতের পররাষ্ট্রমন্ত্রী সামাজিক যোগাযোগমাধ্যমে বৈঠক সম্পর্কে জানান, বৈঠকে দ্বিপাক্ষিক সম্পর্কের বিভিন্ন দিক আরও শক্তিশালী করা এবং আঞ্চলিক ও বৈশ্বিক বিষয় নিয়ে মতবিনিময় করার বিষয়ে আলোচনা হয়েছে। এক শুভেচ্ছা সফরে দিল্লি রয়েছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। তার সঙ্গে রয়েছেন প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির। সফরসূচী অনুযায়ী, আজ খলিলুর রহমান ভারতের পররাষ্ট্রমন্ত্রী ড. এস জয়শঙ্করের পাশাপাশি পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী হারদীপ সিং পুরি, এবং বাণিজ্যমন্ত্রী পীযূষ গোয়েলের সঙ্গে বৈঠক করবেন। সংশ্লিষ্ট বৈঠকগুলোতে দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্কের বিভিন্ন দিক নিয়ে আলোচনা হবে। আলোচনার ক্ষেত্রে গুরুত্ব দেওয়া হবে ব্যবসা-বাণিজ্য, ট্রান্সশিপমেন্ট সুবিধা পুনঃপ্রবর্তন, জ্বালানি নিরাপত্তা, গঙ্গার পানিচুক্তির নবায়ন এবং সীমান্তে হত্যা বন্ধে পদক্ষেপ। এছাড়া বাংলাদেশি নাগরিকদের জন্য সব ধরনের ভারতীয় ভিসা প্রবর্তন, ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শহীদ শরিফ ওসমান বিন হাদির হত্যাকারীদের প্রত্যর্পণ, ভারতে অবস্থানরত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ দেশটিতে মানবতাবিরোধী অভিযোগে সাজাপ্রাপ্ত আওয়ামী লীগের নেতাদের দেশে ফেরানো, শীর্ষ নেতাদের সফর বিনিময় এবং জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি পদে বাংলাদেশের প্রার্থিতায় ভারতের সমর্থন নিশ্চিতকরণ বিষয়গুলো প্রধান এজেন্ডা হিসেবে থাকবে। এ ছাড়া, আঞ্চলিক ও মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধ পরিস্থিতির কারণে সৃষ্ট সংকট নিয়েও আলোচনা হতে পারে। ভারতের মহাসাগরীয় সম্মেলনে অংশগ্রহণের উদ্দেশ্যে মরিশাস যাওয়ার পথে মঙ্গলবার দিল্লি পৌঁছেছেন পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান। বাংলাদেশ সরকার তার এ সফরকে শুভেচ্ছা সফর হিসেবে অ্যাখ্যায়িত করেছে। ফেব্রুয়ারির পর প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে বিএনপি সরকার গঠনের পর এটি বাংলাদেশের কোনো মন্ত্রীর প্রথম দিল্লি সফর। দিল্লিতে আনুষ্ঠানিক বৈঠক শেষে ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর এবং খলিলুর রহমান আগামী ৯ এপ্রিল একই বাণিজ্যিক ফ্লাইটে মরিশাসের উদ্দেশ্যে যাত্রা করবেন। এয়ার মরিশাসের ফ্লাইটে সাত থেকে আট ঘণ্টার এ যাত্রা কূটনৈতিক দিক থেকে বড় সাফল্য হিসেবে দেখা হচ্ছে। ধারণা করা হচ্ছে, দাপ্তরিক আনুষ্ঠানিকতার বাইরে দুই দেশের মন্ত্রী একান্ত পরিবেশে দীর্ঘ সময় ধরে গুরুত্বপূর্ণ দ্বিপাক্ষিক আলোচনা করার সুযোগ পাবেন। এ কারণে দিল্লির বৈঠকের পর মরিশাসে কূটনীতিকদের মধ্যেও আলোচনা চালিয়ে যাওয়ার সুযোগ তৈরি হবে।

শুক্রবার ইসলামাবাদে যুক্তরাষ্ট্রের

আল জাজিরার। বুধবারের এই বিবৃতি এমন এক সময়ে এসেছে যখন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন যে, তিনি ইরানি সভ্যতা ধ্বংসের হুমকি থেকে বিরত থাকছেন এবং দুই সপ্তাহের জন্য দেশটির ওপর হামলা 'স্থগিত' করবেন। ট্রাম্প বলেছেন, এই যুদ্ধবিরতি নির্ভর করছে হরমুজ প্রণালির 'সম্পূর্ণ, অবিলম্বে এবং নিরাপদভাবে খুলে দেওয়ার' বিষয়ে ইরানের সম্মতির ওপর। এই সংকীর্ণ জলপথটি পারস্য উপসাগরকে আরব সাগরের সঙ্গে সংযুক্ত করেছে এবং বিশ্বের মোট তেল সরবরাহের এক-পঞ্চমাংশ এই প্রণালি দিয়েই যায়। গত ২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র এবং ইসরায়েলের হামলার পর ইরানের আরোপিত এই প্রণালির আংশিক অবরোধ বিশ্ব বাণিজ্যকে ব্যাহত করেছে, যার ফলে তেলের দাম বেড়েছে এবং বিশ্বজুড়ে জ্বালানির ঘাটতি দেখা দিয়েছে। ইরানের প্রতিশোধমূলক হামলা উপসাগরীয় অঞ্চলজুড়েও প্রতিধ্বনিত হয়েছে এবং লেবাননের হিজবুল্লাহ ও ইয়েমেনের হুথিরাও এতে জড়িয়ে পড়েছে। ট্রাম্প তার ট্রুথ সোশ্যালে এক বিবৃতিতে বলেছেন, যুক্তরাষ্ট্র এরই মধ্যে তার সব সামরিক লক্ষ্য পূরণ করেছেন এবং ইরানের সঙ্গে দীর্ঘমেয়াদী শান্তি বিষয়ক একটি চূড়ান্ত চুক্তির পথে অনেক দূর এগিয়েছেন। তিনি বলেন, যুক্তরাষ্ট্র ইরানের কাছ থেকে একটি ১০-দফা প্রস্তাব পেয়েছে এবং বিশ্বাস করে যে এটি আলোচনার জন্য একটি কার্যকর ভিত্তি। তিনি বলেন, যুক্তরাষ্ট্র ও ইরান 'বিরোধের প্রায় সব বিষয়ে' একমত হয়েছে এবং এই দুই সপ্তাহের সময়সীমা চুক্তিটিকে 'চূড়ান্ত ও কার্যকর' করার সুযোগ দেবে। ইরানের জাতীয় নিরাপত্তা পরিষদের পক্ষ থেকে কথা বলতে গিয়ে দেশটির পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি তেহরানের এই সম্মতির বিষয়টি নিশ্চিত করেন। তিনি এক্সে এক পোস্টে বলেছেন, ইরানের ওপর হামলা বন্ধ করা হলে, আমাদের শক্তিশালী সশস্ত্র বাহিনী তাদের প্রতিরক্ষামূলক অভিযান বন্ধ করে দেবে। আরাঘচি বলেন, ইরানের সশস্ত্র বাহিনীর সঙ্গে সমন্বয়ের মাধ্যমে হরমুজ প্রণালি দিয়ে নিরাপদ যাতায়াত সম্ভব হবে এবং যুক্তরাষ্ট্র 'আলোচনার ভিত্তি হিসেবে ইরানের ১০-দফা প্রস্তাবের সাধারণ কাঠামো' মেনে নেওয়ার পরই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। অন্যদিকে পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ বলেছেন, যুদ্ধরত পক্ষগুলো 'লেবাননসহ সর্বত্র অবিলম্বে যুদ্ধবিরতিতে' সম্মত হয়েছে। এই পদক্ষেপ অবিলম্বে কার্যকর হবে। যুক্তরাষ্ট্র এবং ইরানকে ধন্যবাদ জানিয়েছেন শাহবাজ শরিফ এবং সকল বিরোধ নিষ্পত্তির জন্য একটি চূড়ান্ত চুক্তিতে পৌঁছাতে আরও আলোচনার উদ্দেশ্যে তাদের প্রতিনিধিদলকে আগামী শুক্রবার (১০ এপ্রিল) ২০২৬ তারিখে ইসলামাবাদে আসার আমন্ত্রণ জানিয়েছেন। এদিকে ইসরায়েল বলছে, তারা ট্রাম্পের সিদ্ধান্তকে সমর্থন করে, কিন্তু এই যুদ্ধবিরতি লেবাননে তাদের সামরিক অভিযানের ক্ষেত্রে প্রযোজ্য নয়।

ভাণ্ডারিয়ায় বিজ্ঞান ও প্রযুক্তি

শিক্ষকগণসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তার। উদ্বোধন শেষে মেলায় অংশগ্রহণকারী ২০টি স্টল পরিদর্শন করেন প্রধান অতিথিসহ অতিথিরা। পরিদর্শনকালে স্ব স্ব স্টলের শিক্ষার্থীরা বিজ্ঞান ভিত্তিক তাদের উদ্ভাবনের বিষয়ে উপস্থাপন করেন। এর পর উপজেলা অডিটোরিয়ামে তরুণ প্রজন্মকে বিজ্ঞান ও প্রযুক্তির প্রতি আগ্রহী করে তুলতে'বিজ্ঞান অলিম্পিয়াড ও কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়'। প্রতিযোগীতা মূলক এ অনুষ্ঠানে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে এবং তাদের মেধা ও জ্ঞান দক্ষতা প্রদর্শন করে।

কলাপাড়ায় জেলেদের ৮০ কেজির

এবং কম চাল নিতে বাধ্য করা হচ্ছে। অভিযোগ রয়েছে, প্রতি ৩০ ও ৫০ কেজির বস্তা থেকেও ২-৩ কেজি করে চাল সরিয়ে রাখা হচ্ছে এবং পরিবহন খরচের নামে জনপ্রতি ১০০ টাকা করে অবৈধভাবে আদায় করা হচ্ছে। জাটকা সংরক্ষণ কর্মসূচির আওতায় ফেব্রুয়ারি থেকে মে পর্যন্ত চার মাস নিবন্ধিত জেলেদের প্রতি মাসে ৪০ কেজি করে চাল বরাদ্দ দেয় সরকার। প্রথম দুই মাসের (ফেব্রুয়ারি-মার্চ) মোট ৮০ কেজি চাল বর্তমানে বিতরণ করা হচ্ছে। ধুলাসার ইউনিয়নের ১,৪৫০ জন জেলের জন্য বরাদ্দকৃত চাল থেকে গড়ে ২৫ কেজি করে কম দিলেও, মোট প্রায় ৩৬ মেট্রিক টন চাল আত্মসাতের ঘটনা ঘটেছে বলে দাবি করছেন স্থানীয়রা। চাল নিতে আসা কাউয়ারচর গ্রামের জুয়েল হাওলাদারসহ একাধিক জেলে আক্ষেপ করে জানান, বস্তায় চাল কম দেওয়ার প্রতিবাদ করেও কোনো প্রতিকার মিলছে না। ইউপি চেয়ারম্যান মো. আব্দুর রহিমের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও তার মোবাইল ফোনটি বন্ধ পাওয়া গেছে। এ বিষয়ে কলাপাড়া উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা অপু সাহা জানান, গণমাধ্যমের মাধ্যমে বিষয়টি তিনি জেনেছেন এবং অভিযোগ পেলে দ্রুত ব্যবস্থা নেবেন। অন্যদিকে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) মো. ইয়াসীন সাদেক জানান, বিষয়টি তাদের নজরে এসেছে এবং তদন্ত সাপেক্ষে দ্রুত কঠোর পদক্ষেপ নেওয়া হবে। সরকারি সহায়তার চাল নিয়ে এমন হরিলুটের ঘটনায় এলাকায় চরম উত্তেজনা বিরাজ করছে এবং সাধারণ জেলেরা দ্রুত দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন।

বরগুনায় ডিউটিতে থাকা পুলিশ

তার দুই সন্তান নিয়ে স্ত্রী একাই বাসায় ঘুমিয়ে ছিলেন। রাত সাড়ে তিনটার দিকে ঘরের একটি জানালার গ্রিল কেটে ডাকাত সদস্যরা ঘরের প্রবেশ করে। পরে ঘরে রাখা পুলিশ সদস্য কাওসারের স্ত্রীর গলার এবং কানের বিভিন্ন স্বর্ণালংকার নিয়ে দ্রুত পালিয়ে যায় ডাকাত সদস্যরা। পুলিশ সদস্য কাওসারের ভাড়া বাসার মালিক গোলাম মাওলা বলেন, 'গতকাল রাতে বৃষ্টি হয়েছে। ঠান্ডা আবহাওয়ায় বাড়ির সবাই ঘুমিয়েছিলেন। তবে পুলিশ সদস্য কাওসার রাতে তার ডিউটি থাকায় ঘরের বাইরে ছিলেন। রাত পৌনে চারটার দিকে কয়েকজন লোক ঘরের পেছনে থাকা একটি জানালার গ্রিল কেটে ঘরে ঢুকে স্বর্ণালংকার নিয়ে গেছে শুনেছি।' এ বিষয়ে বরগুনা সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার মো. সালাহউদ্দিন বলেন, ডিউটিতে থাকা পুলিশ সদস্য কাওসারের ঘরের গ্রিল কেটে প্রবেশ করে তার স্ত্রীর রক্ষিত স্বর্ণালংকার নিয়ে যাওয়ার ঘটনা ঘটেছে। এ সময় তার স্ত্রী ঘুমান্ত অবস্থায় ছিলেন। পরে শব্দ শুনে কাওসারকে বিষয়টি জানালে ঘটনার পরপরই রাত সাড়ে চারটার মধ্যে ওই বাড়িতে পুলিশ সদস্যরা পৌঁছে জরিতদের শনাক্তে কাজ শুরু করেছেন। এছাড়াও তথ্য প্রযুক্তির সহায়তাসহ ডিবি পুলিশ ও থানা পুলিশের একাধিক টিম কাজ করছেন। আশাকরি খুব দ্রুত সময়ের মধ্যে জরিতদের শনাক্ত এবং গ্রেপ্তার করা সম্ভব হবে।

গৌরনদীতে বন্ধ গ্যারেজ

মঙ্গলবার রাত সাড়ে ৭টার দিকে গ্যারেজের ভেতর থেকে দুর্গন্ধ বের হলে স্থানীয়রা থানায় খবর দেন। পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে গ্যারেজের দরজা ভেঙে ভেতর থেকে অর্ধগলিত অবস্থায় তার মরদেহ উদ্ধার করে। নিহতের বড় ভাই কামাল কাজী জানান, জালাল সম্প্রতি একটি ঘর নির্মাণের কাজ শুরু করেছিলেন। তিনি অবিবাহিত হওয়ায় অধিকাংশ সময় গ্যারেজেই রাতযাপন করতেন। প্রায় তিন দিন আগে বাড়িতে তার সঙ্গে শেষ দেখা হয়েছিল, তখন তিনি কিছুটা অসুস্থ ছিলেন। গৌরনদী মডেল থানার ওসি তারিক হাসান রাসেল জানান, গ্যারেজের দরজা ভেতর থেকে বন্ধ ছিল। পরে দরজা ভেঙে মরদেহ উদ্ধার করা হয়। মরদেহ ময়নাতদন্তের জন্য হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। রিপোর্ট পাওয়ার পর মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে। এ ঘটনায় প্রাথমিকভাবে একটি অপমৃত্যু মামলা দায়েরের করেছে পুলিশ।

মুলাদীতে লঞ্চ যাত্রীকে মারধর

কাজীর কছে পাওনা ৭০০০ টাকা ফেরত চায়, এ সময় শিপন কাজী পাওনা টাকা বিকেলে দেয়ার কথা বললে শরীফ হোসেন মাতুব্বর তার ভারাটে লোকজন ডেকে শিপন কাজি কে আটকে রেখে তার উপরে শারীরিক নির্যাতন চালায় এবং তার কাছে থাকা নগদ এক লক্ষ পাঁচ হাজার টাকা, একটি এন্ড্রয়েড মোবাইল ফোন ও কাপড়ের ব্যাগ ছিনিয়ে নেয়। খবর পেয়ে সকাল ৮টার দিকে শিপন কাজীর বাড়ির লোকজন সেখানে ছুটে গেলে তাদের উপরও চড়াও হয় সরীফ হোসেন মাতুব্বর ও তার লোকজন। পরবর্তীতে শিপন কাজীর পরিবারের লোকজন উপায়ান্ত না দেখে ৯৯৯ এ কল করলে মুলাদী থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে আহত শিপন কাজী কে উদ্ধার করে মুলাদী হাসপাতালে ভর্তি করে। এ ঘটনায় আহত সিপন কাজীর বোন তাসলিমা বেগম বাদী হয়ে ১২জনকে বিবাদী করে মুলাদী থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেন। স্থানীয়রা জানান চট ডুমুরতলা পাকা রাস্তার মাথা লঞ্চঘাটে প্রায় সময়ই এ ধরনের ঘটনার শিকার হয় যাত্রীরা।

গৌরনদী চর সরিকল গ্রামে মজুদ

করে সরকার নির্ধারিত মূল্যের চেয়ে অধিক দামে বিক্রি করে আসছিলো। গোপন সংবাদের ভিত্তিতে এ অভিযোগ পেয়ে এনএসআই'র সদস্যরা এ অভিযান পরিচালনা করেন। পরবর্তীতে তারা জব্দকৃত পন্যসহ ব্যবসায়ী হালিম সিকদারকে ভ্রাম্যমান আদালতের কাছে সোর্পদ করেন। ভ্রাম্যমান আদালতের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও গৌরনদী উপজেলা সহকারি কমিশনার ভূমি মোঃ মেহেদী হাসান জানিয়েছেন, অবৈধ মজুদের ঘটনায় ব্যবসায়ী হালিম সিকদারকে ২০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। পাশাপাশি লাইসেন্স না করা পর্যন্ত ওই ব্যবসায়ীর ব্যবসা বন্ধ রাখার জন্য লিখিত মুচলেকা রাখা হয়েছে। পাশাপাশি লাইসেন্স না করা পর্যন্ত ওই ব্যবসায়ীর ব্যবসা বন্ধ রাখার জন্য লিখিত মুচলেকা রাখা হয়েছে। এছাড়া জব্দকৃত জ্বালানি তেল সরকার নির্ধারিত মূল্যে বিক্রির জন্য স্থানীয় এক সমাজ সেবকের জিম্মায় দেওয়া হয়েছে। কোনধরনের লাইসেন্স না থাকা সত্ত্বেও অবৈধভাবে জ্বালানি তেল ডিজেল, মবিল ও গ্যাস সিলিন্ডার মজুদ করে চড়া দামে বিক্রি করে আসছিলো এক অসাধু ব্যবসায়ী। গোপন সংবাদের ভিত্তিতে ওই ব্যবসায়ীর দোকান ও বাড়িতে অভিযান পরিচালনা করেন বরিশাল জেলার এনএসআই'র সদস্যরা। বুধবার ৮ এপ্রিল ২০২৬ দুপুরে গৌরনদী উপজেলার সরিকল ইউনিয়নের সুনিল সিকদারের হাট, চর সরিকল গ্রামে এ অভিযান পরিচালনা করা হয়। এসময় চর সরিকল গ্রামের আব্দুল করিম সিকদারের ছেলে হালিম সিকদারের দোকান ও বাড়ি থেকে অবৈধভাবে মজুদ করে রাখা ৩০০ লিটার ডিজেল, ২০০ লিটার মবিল ও গ্যাস সিলিন্ডার জব্দ করা হয়। ব্যবসায়ী হালিম সিকদার অবৈধভাবে জ্বালানি তেল মজুদ করে সরকার নির্ধারিত মূল্যের চেয়ে অধিক দামে বিক্রি করে আসছিলো। গোপন সংবাদের ভিত্তিতে এ অভিযোগ পেয়ে এনএসআই'র সদস্যরা এ অভিযান পরিচালনা করেন। পরবর্তীতে তারা জব্দকৃত পন্যসহ ব্যবসায়ী হালিম সিকদারকে ভ্রাম্যমান আদালতের কাছে সোর্পদ করেন। ভ্রাম্যমান আদালতের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও গৌরনদী উপজেলা সহকারি কমিশনার ভূমি মোঃ মেহেদী হাসান জানিয়েছেন, অবৈধ মজুদের ঘটনায় ব্যবসায়ী হালিম সিকদারকে ২০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। পাশাপাশি লাইসেন্স না করা পর্যন্ত ওই ব্যবসায়ীর ব্যবসা বন্ধ রাখার জন্য লিখিত মুচলেকা রাখা হয়েছে। পাশাপাশি লাইসেন্স না করা পর্যন্ত ওই ব্যবসায়ীর ব্যবসা বন্ধ রাখার জন্য লিখিত মুচলেকা রাখা হয়েছে। এছাড়া জব্দকৃত জ্বালানি তেল সরকার নির্ধারিত মূল্যে বিক্রির জন্য স্থানীয় এক সমাজ সেবকের জিম্মায় দেয়া হয়েছে।

জাগুয়ায় মহিলা রুকনের

মণির স্বামী জনাব হেমায়েত উদ্দিন। মৃত্যুকালে তিনি একমাত্র ছেলে সহ অসংখ্য আত্মীয়-স্বজন ও শুভাকাঙ্ক্ষী রেখে গেছেন। মোসা: খুকুমণির ইন্তেকালে গভীর শোক ও সমবেদনা প্রকাশ করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও বরিশাল মহানগরী আমীর মাওলানা জহির উদ্দিন মুহাম্মদ বাবর ও বরিশাল মহানগর জামায়াতের সেক্রেটারি মাওলানা মতিউর রহমান। এক যৌথ শোকবার্তায় নেতৃবৃন্দ বলেন, মোসা: খুকুমণির ইন্তেকালে ইসলামী আন্দোলনের একজন নিবেদিত প্রাণ দাঈ বোনকে হারালাম। তার ইন্তেকালে গভীর শোক প্রকাশ করছি। তিনি মহিলাদের মাঝে ইসলামী আন্দোলনের প্রচার ও প্রসারে গুরুত্বপূর্ণ অবদান রাখেন। তিনি সংগঠনের সকল কাজ যথাযথভাবে আঞ্জাম দেয়ার চেষ্টা করতেন। নেতৃবৃন্দ আরো বলেন, ইতোমধ্যে তিনি দুনিয়ার সফর শেষ করেছেন। শুরু হয়েছে তার অনন্তকালের সফর। এই সফরে আল্লাহ্ রাব্বুল আলামীন তার একান্ত সাহায্যকারী হোন। কবর থেকে শুরু করে পরবর্তী প্রত্যেকটি মঞ্জিলকে তার জন্য সহজ, আরামদায়ক ও শান্তিময় করে দিন। আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা তাকে ক্ষমা করে দিয়ে জান্নাতের উচ্চ মাকাম দান করুন। আমীন।

কাউখালীতে ৪৬তম জাতীয়

উপস্থিত ছিলেন, কাউখালী থানার ওসি ইয়াকুব হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল হান্নান, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক রফিকুল ইসলাম, কাউখালী সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোস্তাফিজুর রহমান সহ বিভিন্ন দপ্তর ও শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ। উপজেলার ১১টি শিক্ষা প্রতিষ্ঠান জাতীয় বিজ্ঞান মেলায় অংশগ্রহণ করেন।

গলাচিপায় ৬৫ বছর বয়সী

ফরিদা বেগম জানান, বেলা সাড়ে ১১টার দিকে অগ্রণী ব্যাংক শাখা থেকে ৯৫ হাজার টাকা তুলে বের হয়ে রাস্তায় নামেন। তখন খালেক মিয়া পিছন থেকে তাকে অনুসরণ করতে থাকে। একসময় ছিনতাইকারী তাকে উদ্দেশ্য করে বলেন, 'আপনার পিছনে ''গু'' (মল) লেগেছে।' এ কথা শুনে তিনি পেছনে তাকায় এবং খালেক এই সুযোগে হাতে থাকা টাকার ব্যাগ নিয়ে দৌড় দেয়। তার চিৎকারে আশে পাশে থাকা সাধারণ মানুষ ও ব্যবসায়ীরা ছিনতাইকারীকে ধরে গণধোলাই দিয়ে পুলিশে সোপর্দ করে। বর্তমানে খালেক গলাচিপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছে।

পিরোজপুরে পানির সংকট

কর্তৃপক্ষের কাছে বিষয়টি জানানো হলেও কার্যকর কোনো পদক্ষেপ নেওয়া হয়নি। ফলে বাধ্য হয়ে তারা রাস্তায় নেমে শান্তিপূর্ণ অবস্থান কর্মসূচি পালন করছেন। ?বক্তারা দ্রুত সময়ের মধ্যে পানি সংকট নিরসনে কার্যকর উদ্যোগ গ্রহণ, পানির লাইনের সংস্কার এবং নিরবচ্ছিন্ন সুপেয় পানি সরবরাহ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি জোর দাবি জানান। এ সময় দাবি আদায় না হওয়া পর্যন্ত তারা আন্দোলন চালিয়ে যাবেন বলে হুঁশিয়ারি দেন। ?উল্লেখ্য, পিরোজপুর পৌর এলাকায় পানি সংকট একটি দীর্ঘদিনের সমস্যা হিসেবে দেখা দিয়েছে, যা সমাধানে দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণের দাবি জানিয়েছেন স্থানীয় বাসিন্দারা।

নলছিটিতে স্কুল ফিডিংয়ে শিক্ষার্থীদের হাতে পচা কলা

নলছিটি প্রতিনিধি

ঝালকাঠির নলছিটি উপজেলায় স্কুল ফিডিং কর্মসূচিতে শিক্ষার্থীদের মাঝে নিম্নমানের খাবার বিতরণের অভিযোগ উঠেছে। বিশেষ করে পচা কলা দেওয়ার ঘটনায় অভিভাবকদের মধ্যে চরম অসন্তোষ দেখা দিয়েছে। উপজেলার পুরান বাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এ ঘটনা ঘটে। শিক্ষার্থীদের জন্য সরবরাহ করা খাবারের মধ্যে পচা কলা দেখতে পেয়ে উপস্থিত অভিভাবকরা তাৎক্ষণিকভাবে খাবারগুলো জব্দ করেন। অভিযোগ রয়েছে, শুধু কলা নয় সরবরাহ করা ডিম ও রুটির মানও ছিল নিম্নমানের। এতে শিশুদের স্বাস্থ্যঝুঁকি তৈরি হতে পারে বলে উদ্বেগ জানিয়েছেন অভিভাবকরা। তারা দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ এবং ভবিষ্যতে মানসম্মত খাবার নিশ্চিত করার দাবি জানিয়েছেন। এ বিষয়ে ঠিকাদারি প্রতিষ্ঠানের এক কর্মকর্তা জানান, কলা সরবরাহে স্থানীয় এজেন্ট নিয়োজিত রয়েছে। যারা নিম্নমানের কলা সরবরাহ করেছে, তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। তবে স্থানীয় সরবরাহকারী সজল ফকির অভিযোগ অস্বীকার করে বলেন, প্রতিদিন প্রায় ১৪ হাজার কলা সরবরাহ করতে হয়। এত বড় পরিমাণে সরবরাহ করতে গেলে কিছু কলার মান খারাপ হতে পারে। কলাগুলো রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জ থেকে আনা হয়, পরিবহনের সময় কিছু দাগ পড়া স্বাভাবিক। পুরান বাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আইরিন আক্তার বলেন, কিছু কলা নষ্ট ছিল, যা আমরা তাৎক্ষণিকভাবে শনাক্ত করেছি। বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানানো হয়েছে এবং ভবিষ্যতে এমন ঘটনা এড়াতে আমরা সতর্ক রয়েছি। নলছিটি উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা শিরিন আক্তার বলেন, বিষয়টি তাদের নজরে এসেছে। অভিযোগের সত্যতা যাচাই করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে এবং ভবিষ্যতে খাবারের মান নিশ্চিত করতে কঠোর নজরদারি থাকবে। উল্লেখ্য, নলছিটি উপজেলায় স্কুল ফিডিং কর্মসূচির আওতায় ১৬৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১৫ হাজার ৭৫৪ জনের বেশি শিক্ষার্থীকে সপ্তাহের নির্ধারিত দিনগুলোতে পুষ্টিকর খাবার প্রদান করা হচ্ছে।

নববর্ষ উদযাপনে পিরোজপুরে প্রস্তুতিমূলক সভা

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুর জেলায় বাংলা নববর্ষ-১৪৩৩ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। জেলা প্রশাসনের আয়োজনে গতকাল মঙ্গলবার শহীদ আব্দুর রাজ্জাক-সাইফ-মিজান সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক আবু সাঈদ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। জেলা প্রশাসক আবু সাঈদ বলেন, বাঙালি সংস্কৃতির ঐতিহ্য রক্ষায় পহেলা বৈশাখ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। তিনি এ উৎসবকে ঘিরে সব আয়োজন যথাযথভাবে সম্পন্ন করতে সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানান। স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) ও পৌর প্রশাসক মাহামুদুর রহমান মামুনের সঞ্চালনায় অনুষ্ঠিত সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, পিরোজপুর জেলা পরিষদের প্রশাসক অধ্যক্ষ আলমগীর হোসেন, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) নাসরিন জাহান, জেলা বিএনপির আহ্বায়ক নজরুল ইসলাম খান, সদস্য সচিব এস এম সাইদুল ইসলাম কিসমত, জেলা জামায়াতের সেক্রেটারি জহিরুল হক, উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. মামুনুর রশীদসহ জেলার সরকারি ও বেসরকারি বিভিন্ন দপ্তরের প্রধানরা। সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত নেওয়া হয়, পহেলা বৈশাখের দিন সকাল ৮টায় শহীদ ভাগীরথী চত্বর (কৃষ্ণচূড়া মোড়) থেকে আফতাব উদ্দিন কলেজ পর্যন্ত একটি বর্ণাঢ্য বৈশাখি শোভাযাত্রা বের করা হবে। এরপর সকাল ৮টা ৩০ মিনিটে আফতাব উদ্দিন কলেজ মাঠে ৭ দিনব্যাপী বৈশাখি মেলার উদ্বোধন করা হবে। এ মেলা প্রতিদিন সকাল ৯টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত চলবে। এছাড়াও মেলা প্রাঙ্গণে প্রতিদিন জেলার বিভিন্ন জাতিগোষ্ঠীর অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন থাকবে।

শুক্রবার ইসলামাবাদে যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনায় বসবে ইরান

কীর্তনখোলা ডেস্ক

যুক্তরাষ্ট্রের সঙ্গে দুই সপ্তাহের যুদ্ধবিরতিতে সম্মত হয়েছে ইরান। দেশটির জাতীয় নিরাপত্তা পরিষদ জানিয়েছে, তেহরানের ১০-দফা প্রস্তাবের ভিত্তিতে শুক্রবার পাকিস্তানের রাজধানী ইসলামাবাদে ওয়াশিংটনের সঙ্গে আলোচনা শুরু হবে। খবর ৩ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ বৃহস্পতিবার ॥ ০৯ এপ্রিল ২০২৬ ॥ ২৬ চৈত্র ১৪৩২

খলিল-জয়শঙ্কর বৈঠক: বাংলাদেশ-ভারত সম্পর্ক আরও শক্তিশালী করার অঙ্গীকার

কীর্তনখোলা ডেস্ক

নয়াদিল্লিতে ভারতের পররাষ্ট্রমন্ত্রী ড. এস জয়শঙ্করের সঙ্গে বৈঠক করেছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান এবং তার প্রতিনিধিদল। বৈঠকে দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্ক আরও শক্তিশালী করার অঙ্গীকার ব্যক্ত করা হয়েছে। ৩ এর পাতায় দেখুন

বানারীপাড়ায় সন্ধ্যা নদীর চর বিক্রি করছে প্রভাবশালী চক্র

বানারীপাড়া প্রতিনিধি

বরিশালের বানারীপাড়া ফেরিঘাট-সংলগ্ন সন্ধ্যা নদীতে জেগে ওঠা চরের জমি বিক্রির অভিযোগ উঠেছে একটি শক্তিশালী চক্রের বিরুদ্ধে। চক্রটি বিক্রির পাশাপাশি চরের এক জায়গায় নিজেদের লোক দিয়ে একাধিক দোকানঘর নির্মাণ করেছে। প্রকাশ্যে চর দখল করে বিক্রি আর দোকানঘর নির্মাণ করা হলেও প্রশাসনের পক্ষ থেকে কার্যকর কোনো পদক্ষেপ নিতে দেখা যায়নি। খোঁজ নিয়ে জানা গেছে, এই চক্রের নেতৃত্বে আছেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মো. রিয়াজ উদ্দীন মৃধা। সঙ্গে আছেন তার বড় ভাই মাসুম মৃধা, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক শফিকুল আলম রিপন, উপজেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুস সবুর খান, পৌর বিএনপির কোষাধ্যক্ষ মো. শাহে আলম বেপারী, বানারীপাড়া পৌরসভার ২ নম্বর ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক জাহাঙ্গীর মোল্লা, জন মোল্লা, দিপু মাঝিসহ অনেকে। তবে ৩ এর পাতায় দেখুন

বরগুনায় হামের পরে এবার বাড়ছে ডায়রিয়া, উদ্বিগ্ন স্বজনরা

বরগুনা প্রতিনিধি

রাত থেকেই আট বছরের শিশু মুসার পেটে সমস্যা শুরু হয়। ভোর হতেই পাতলা পায়খানা। সকাল সাড়ে সাতটার দিকে তাকে বরগুনা জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। ১৫ থেকে ২০ মিনিট পরপরই তাঁকে টয়লেটে নিয়ে যেতে হচ্ছে। ছেলের এমন অবস্থায় উদ্বিগ্ন তার মা ময়না বেগম। ময়না বেগমের বাড়ি বরগুনা সদর উপজেলার বদরখালী ইউনিয়নে। গতকাল মঙ্গলবার সকালে তাঁর ছেলেকে হাসপাতালে ভর্তি করেন। তিনি বলেন, 'শুনছি হাম বাড়ছে, এখন আবার ডায়রিয়া। কী যে হবে, বুঝতে পারছি না।' হামের পাশাপাশি বরগুনায় এখন ডায়রিয়ার প্রাদুর্ভাব দেখা দিয়েছে। ৩ এর পাতায় দেখুন

শহরের প্রবেশদ্বারে দৃষ্টিনন্দন 'ঝালকাঠি চত্বর' উদ্বোধন

ঝালকাঠি প্রতিনিধি

ঝালকাঠি শহরের প্রবেশদ্বারে নবনির্মিত দৃষ্টিনন্দন 'ঝালকাঠি চত্বর'-এর আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে। বুধবার (৮ এপ্রিল) সকালে ফিতা কেটে এ চত্বরের উদ্বোধন করেন ঝালকাঠি পৌরসভার প্রশাসক ও অতিরিক্ত জেলা প্রশাসক মো. কাওছার হোসেন। পৌরসভা কর্তৃপক্ষের উদ্যোগে নির্মিত এই চত্বরটি এরই মধ্যে দর্শনার্থীদের আকর্ষণের কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছে। উদ্বোধনের প্রথম দিনেই স্থানীয় বাসিন্দা ও দর্শনার্থীরা নবনির্মিত ৩ এর পাতায় দেখুন

পটুয়াখালীতে শুধুই তরমুজে ঝুঁকছেন চাষিরা, অতিরিক্ত উৎপাদনে বাজারে ধস

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালীতে এ বছর রেকর্ড পরিমাণ তরমুজ চাষ হওয়ায় জেলার গ্রাম থেকে শহরের প্রায় সব বাজারেই এখন রসালো তরমুজের ছড়াছড়ি। প্রতি পিস তরমুজ ১০ টাকা থেকে শুরু করে ৫০০ টাকা পর্যন্ত দামে বিক্রি হচ্ছে। তবে আগের বছরের তুলনায় তরমুজ বিক্রি কমলেও উৎপাদন বেড়েছে কয়েক গুণ বলে দাবি করছেন ব্যবসায়ীরা। অন্যদিকে তীব্র গরম এবং আবহাওয়াজনিত নানা কারণে ন্যায্য দাম নিয়ে দুশ্চিন্তায় পড়েছেন চাষিরা। আমতলী উপজেলার হলদিয়া ইউনিয়নের কুলেরচর গ্রামের চাষি মোশাররফ মৃধা (৫৫) নিজের উৎপাদিত তরমুজ বিক্রি করতে এসেছেন পটুয়াখালীর বড় চৌরাস্তায়। চোখেমুখে হতাশার ছাপ নিয়ে তিনি বলেন, দেড় লাখ টাকা খরচ করছি, আইজগো তরমুজ নিয়া আইছি ব্যাচতে। ত্রিশ-পয়ত্রিশ হাজার টাকাও ব্যাচতে পারিনাই। স্বপ্ন ছিল এইয়া দিয়া অনেক কিছু হইবে, ধার-দেনা করে- স্ত্রীর গহনা বন্ধ করে রেখে তরমুজ চাষ করছিলাম। ভাবছিলাম এইয়া দিয়া দেনা পরিশোধ করমু, কিন্তু কিছুই হইলো না আরও ঋণী হইয়া গেলাম। যেরম হউক খাটুনী করে এগুলা দেওয়া লাগবে। এরকম শত শত কৃষক এ বছর ৩ এর পাতায় দেখুন

আগৈলঝাড়ায় তুচ্ছ ঘটনায় পরিবারের ৬জনকে পিটিয়ে আহত

ইদ্রিস খান, আগৈলঝাড়া

বরিশালের উজিরপুরে তুচ্ছ ঘটনা ও পূর্ব বিরোধের জের ধরে একই পরিবারের ৬জনকে পিটিয়ে আহত করার অভিযোগ পাওয়া গেছে। এঘটনায় থানায় মামলা দায়েরের প্রস্তুতি চলছে। এদের মধ্যে আহত ৩জনকে আগৈলঝাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। উপজেলার উজিরপুর উপজেলার ধামুরা গ্রামের আকাশ মোল্লার একটি পোষা কুকুর একই এলাকার সত্তার মোল্লার ৩ এর পাতায় দেখুন

মুলাদীতে লঞ্চ যাত্রীকে মারধর করে লক্ষাধিক টাকা ছিনতাইয়ের অভিযোগ

মুলাদী প্রতিনিধি

মুলাদীর গাছুয়া ইউনিয়নে লঞ্চ থেকে নেমে বাড়ি ফেরার পথে এক যাত্রীর কাছ থেকে মারধর করে লক্ষাধিক টাকা ছিনিয়ে নেয়ার অভিযোগ পাওয়া গেছে। মুলাদী হাসপাতালে ভর্তি আহত ও থানায় অভিযোগ সূত্রে জানা গেছে, গত মঙ্গলবার সকাল ৪টার দিকে উপজেলার গাছুয়া ইউনিয়নের চর ডুমুরতলা গ্রামের পাকা রাস্তার মাথা লঞ্চঘাটে ঢাকা থেকে এসে নেমে ভ্যানযোগে বাড়ির উদ্দেশ্যে রওনা করেন চর গাছুয়া গ্রামের মৃত জালাল কাজির ছেলে রিপন কাজী।ভ্যানটি চার রাস্তার মোড়ে এসে পৌছলে চট ডুমুরতলা গ্রামের মৃত জলিল মাতব্বরের পুত্র শরিফ হোসেন মাতুব্বর ভ্যানটির গতিরোধ করে শিপন ৩ এর পাতায় দেখুন

গৌরনদী চর সরিকল গ্রামে মজুদ করা জ্বালানি তেল জব্দ, জরিমানা

গৌরনদী প্রতিনিধি

কোনধরনের লাইসেন্স না থাকা সত্বেও অবৈধভাবে জ্বালানি তেল ডিজেল, মবিল ও গ্যাস সিলিন্ডার মজুদ করে চড়া দামে বিক্রি করে আসছিলো এক অসাধু ব্যবসায়ী। গোপন সংবাদের ভিত্তিতে ওই ব্যবসায়ীর দোকান ও বাড়িতে অভিযান পরিচালনা করেন বরিশাল জেলার এনএসআই'র সদস্যরা। বুধবার ৮ এপ্রিল ২০২৬ দুপুরে গৌরনদী উপজেলার সরিকল ইউনিয়নের সুনিল সিকদারের হাট, চর সরিকল গ্রামে এ অভিযান পরিচালনা করা হয়। এসময় চর সরিকল গ্রামের আব্দুল করিম সিকদারের ছেলে হালিম সিকদারের দোকান ও বাড়ি থেকে অবৈধভাবে মজুদ করে রাখা ৩০০ লিটার ডিজেল, ২০০ লিটার মবিল ও গ্যাস সিলিন্ডার জব্দ করা হয়। ব্যবসায়ী হালিম সিকদার অবৈধভাবে জ্বালানি তেল মজুদ ৩ এর পাতায় দেখুন

কলাপাড়ায় জেলেদের ৮০ কেজির জায়গায় মিলছে ৪৮ কেজি চাল

কলাপাড়া প্রতিনিধি

পটুয়াখালীর কলাপাড়া উপজেলার ধুলাসার ইউনিয়নে নিবন্ধিত জেলেদের জন্য বরাদ্দকৃত বিশেষ ভিজিএফ চাল বিতরণে ব্যাপক অনিয়ম ও লুটপাটের অভিযোগ উঠেছে। সরকারের নির্ধারিত ৮০ কেজি চালের বিপরীতে জেলেদের দেওয়া হচ্ছে মাত্র ৪৮ থেকে ৫৮ কেজি। অর্থাৎ, প্রতি কার্ডধারী জেলের প্রাপ্য অংশ থেকে ২০ থেকে ৩২ কেজি পর্যন্ত চাল হাতিয়ে নেওয়া হচ্ছে। সরেজমিনে গিয়ে দেখা যায়, ইউনিয়ন পরিষদে চাল বিতরণের সময় দরিদ্র জেলেদের মূল কার্ড আটকে রেখে ছোট স্লিপ ধরিয়ে দেওয়া হচ্ছে ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ায় বিজ্ঞান ও প্রযুক্তি মেলার শুরু

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়ায় ৪৭তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন উপলক্ষে গতকাল বুধবার উপজেলা প্রশাসনের উদ্যোগে সকালে উপজেলা পরিষদ প্রাঙ্গণে দুই দিন ব্যাপী বিজ্ঞান মেলা শুরুর দিনে মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন প্রধান অতিথি উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. হাসিবুল হাসান। এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) উজ্জল হালদার, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. সুদেব সরকার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো. জাহাঙ্গীর হোসেন,উপজেলা নির্বাচন অফিসার মো. শাহীন শরিফ, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা শিল্পী রানী হালদার, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ৩ এর পাতায় দেখুন

পিরোজপুরে পানির সংকট সমাধানে পৌরসভা ঘেরাও

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুরে দীর্ঘদিনের তীব্র সুপেয় পানি সংকটের স্থায়ী সমাধানের দাবিতে পৌরসভা ঘেরাও এবং অবস্থান কর্মসূচি পালন করেছে পৌরবাসী। বুধবার (৮ এপ্রিল) সকালে পিরোজপুর পৌরসভার সামনে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। এতে শহরের বিভিন্ন এলাকার ভুক্তভোগী মানুষ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন। এ সময় বক্তারা বলেন, দীর্ঘদিন ধরে পিরোজপুর পৌর এলাকায় সুপেয় পানির চরম সংকট বিরাজ করছে। অনেক এলাকায় নিয়মিত পানি সরবরাহ না থাকায় সাধারণ মানুষকে চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে। বিশেষ করে গ্রীষ্ম মৌসুমে এ সংকট আরও তীব্র আকার ধারণ করেছে। তারা অভিযোগ করেন, বারবার সংশ্লিষ্ট ৩ এর পাতায় দেখুন

গৌরনদীতে বন্ধ গ্যারেজ থেকে মিস্ত্রীর অর্ধগলিত লাশ উদ্ধার

গৌরনদী প্রতিনিধি

বরিশালের গৌরনদী উপজেলায় একটি বন্ধ গ্যারেজের ভেতর থেকে জালাল কাজী (৫০) নামের এক মাহেন্দ্র ও ইজিবাইক মিস্ত্রীর অর্ধগলিত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। মঙ্গলবার রাতে উপজেলার বার্থী তারাঁ মাধ্যমিক বিদ্যালয়ের সামনে মহাসড়ক সংলগ্ন এলাকা থেকে মরদেহটি উদ্ধার করে বুধবার ময়না তদন্তের জন্য মর্গে প্রেরন করা হয়েছে। নিহত জালাল কাজী পার্শ্ববর্তী আগৈলঝাড়া উপজেলার রাজিহার ইউনিয়নের ভালুকশী গ্রামের ৫ নম্বর ওয়ার্ডের মৃত সেকান্দার কাজীর ছেলে। স্থানীয় সূত্রে জানা যায়, বার্থী তারাঁ মাধ্যমিক বিদ্যালয়ের সামনে মহাসড়কের পাশে স্থানীয় পান্নু বেপারীর কাছ থেকে দোকান ভাড়া নিয়ে গত চার বছর ধরে গ্যারেজ পরিচালনা করছিলেন জালাল। গত কয়েকদিন ধরে গ্যারেজটি বন্ধ থাকায় এলাকাবাসীর সন্দেহ হয়। ৩ এর পাতায় দেখুন

বরগুনায় ডিউটিতে থাকা পুলিশ সদস্যের বাসায় ডাকাতি

বরগুনা প্রতিনিধি

বরগুনায় ডিউটিতে থাকা এক পুলিশ সদস্যদের ভাড়া বাসায় হানা দিয়ে স্বর্ণালঙ্কার লুট করে নিয়েছে ডাকাতরা। মঙ্গলবার দিনগত রাত সাড়ে ৩ টার দিকে বরগুনা পৌরসভার ১ নম্বর ওয়ার্ডের চরকলোনি চাঁদশী সড়কে এ ঘটনা ঘটে। ঘটনার সময় ওই পুলিশ সদস্যদের স্ত্রী ও দুই শিশু সন্তান ঘরেই ছিলেন। বিষয়টি নিশ্চিত করেছেন বরগুনা সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার মো. সালাহউদ্দিন। পুলিশ ও স্থানীয়রা জানান, গত দুই মাস আগে জেলা গোয়েন্দা পুলিশের সদস্য কাওসার স্ত্রী ও দুই সন্তান নিয়ে চরকলোনীর ওই ভাড়া বাসায় বসবাস শুরু করেন। পুলিশের সদস্য হওয়ায় ঘটনার সময় তিনি রাত্রিকালীন ডিউটিতে বাইরে ছিলেন। এ সময় রাতে ৩ এর পাতায় দেখুন

গলাচিপায় ৬৫ বছর বয়সী ছিনতাইকারীকে গণধোলাই

গলাচিপা প্রতিনিধি

পটুয়াখালীর গলাচিপায় ব্যাংক থেকে টাকা তুলে ফেরার সময় ছিনতাইকারীর কবলে পড়েন এক নারী। বুধবার (৮ এপ্রিল) বেলা সাড়ে ১১টায় গলাচিপা পৌর এলাকার সদর রোডের অগ্রণী ব্যাংকের সামনে এ ঘটনা ঘটে। ব্যাংক থেকে টাকা তুলে রাস্তায় নামতেই ফরিদা বেগম নামে এক নারীর টাকা ছিনিয়ে নেয়ার চেষ্টা করে ছিনতাইকারী। এ সময় উপস্থিত জনতার হাতে গনধোলাইয়ের শিকার হন খালেক মিয়া (৬৫) নামে এক ব্যক্তি। খালেক হবিগঞ্জের সুলতান মাহমুদপুর গ্রামের মৃত চান মিয়ার ছেলে। ভুক্তভোগী ৩ এর পাতায় দেখুন

কাউখালীতে ৪৬তম জাতীয় বিজ্ঞানমেলা উদ্বোধন

কাউখালী প্রতিনিধি

'উদ্ভাবন নির্ভর বাংলাদেশ গঠনে বিজ্ঞান ও প্রযুক্তি' এই প্রতিপাদ্যকে সামনে রেখে পিরোজপুরের কাউখালীতে তারুণ্যের উৎসব ২০২৬ উপলক্ষ্যে ৪৭ তম জাতীয় বিজ্ঞান মেলা ও প্রযুক্তি সপ্তাহ উদ্বোধন করা হয়েছে। বৃহস্পতিবার (৩০ জানুয়ারি) সকাল ১১টায় উপজেলা পরিষদ চত্বরে ৪৭তম জাতীয় বিজ্ঞান মেলা ও প্রযুক্তি সপ্তাহ উপলক্ষে ১০ম বিজ্ঞান অলিম্পিয়াড এবং বিজ্ঞান কুইজ প্রতিযোগিতার আয়োজন করে উপজেলা প্রশাসন। মেলার উদ্বোধন করেন কাউখালী উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ আসাদুজ্জামান। এ সময় ৩ এর পাতায় দেখুন

গৌরনদী হোমিওপ্যাথিক কলেজের প্রয়াত প্রভাষক ডা. সাইদুর রহমানের পরিবারের হাতে সহায়তার চেক তুলে দিচ্ছেন সাংবাদিক জহিরুল ইসলাম জহির। উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের অধ্যক্ষ ডা. কেএম সাইদ মাহমুদ -কীর্তনখোলা

জাগুয়ায় মহিলা রুকনের ইন্তেকালে মহানগরী জামায়াতের শোক

কীর্তনখোলা রিপোর্ট

বাংলাদেশ জামায়াতে ইসলামী বরিশাল মহানগরীর সদর উপজেলার জাগুয়া ইউনিয়ন শাখার মহিলা সদস্য মোসা: খুকুমণি ইন্তেকাল করেছেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। তিনি প্রায় দুই মাস যাবত বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে অসুস্থ ছিলেন। আজ বুধবার (৮ এপ্রিল) ভোরে ঢাকার নিউরোসাইন্স হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ৩৩ বছর বয়সে তিনি ইন্তেকাল করেন। বিকাল ৫ টায় (আছর বাদ) গ্রামের বাড়িতে জানাযা শেষে তাকে দাফন করা হবে। মোসা: খুখু ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com